আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তারা ধৈর্য্যধারণকারী, সত্যবাদী, নির্দেশ সম্পাদনকারী, সৎপথে ব্যয়কারী এবং শেষরাতে ক্ষমা প্রার্থনাকারী।

সূরা আল ইমরান- ১৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ২০ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০২ রমজান ১৪৪৭ ॥ ০৭ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৭৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

গ্রামের মানুষ কষ্টে রয়েছে এটি বাস্তব সামাজিক সত্য

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গ্রামের মানুষ কষ্টে রয়েছে এটি ২ এর পাতায় দেখুন



নতুন সরকার গণতন্ত্র-আইনের শাসন নিশ্চিতের প্রত্যাশা আমিরের

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার দেশে গণতন্ত্র, আইনের শাসন ও মানুষের ভোটাধিকার নিশ্চিত করবে ২ এর পাতায় দেখুন

মন্ত্রিসভা অন্তর্ভুক্তিমূলক হয়নি, স্থান পেয়েছে দুর্নীতিগ্রস্তরা

কীর্তনখোলা ডেস্ক

নবগঠিত সরকারের মন্ত্রিসভা অন্তর্ভুক্তিমূলক হয়নি বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ২ এর পাতায় দেখুন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার চলমান থাকবে

কীর্তনখোলা ডেস্ক

২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য গঠিত ট্রাইব্যুনালের বিচারকাজ ২ এর পাতায় দেখুন

রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতার যথাযোগ্য মর্যাদা পেলেন জহির উদ্দিন স্বপন

পথিক মোস্তফা

নিজের প্রজ্ঞা ও রাজনৈতিক দূরদর্শিতার যথাযোগ্য মর্যাদা পেলেন বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসন থেকে নির্বাচিত বিএনপির সংসদ সদস্য জহিরউদ্দিন স্বপন। দারুণ প্রতিকূল পরিস্থিতির মধ্যে রাজনীতি করে জনগণের নিরঙ্কুশ সমর্থন নিয়ে ৩য় বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়ে পেয়ে গেলেন মন্ত্রীত্ব। সর্বশেষ সুনীল গুপ্তের মন্ত্রীত্বের পর গৌরনদী-আগৈলঝাড়াবাসীর এ এক বড়ো ধরনের অর্জন বলে জানান, এলাকাবাসী। জহিরউদ্দিন স্বপন, শুধু বরিশালের রাজনীতিতে নয়, বাংলাদেশের রাজনীতির ক্ষেত্রে এক ব্যতীক্রমী নাম। ১৯৯০-এর স্বৈরাচার বিরোধী আন্দোলনে ছাত্রনেতা হিসেবে নেতৃত্ব দিয়ে বেশ আলোড়ন সৃষ্টি করেন। সেই সময়ই তার রাজনৈতিক দক্ষতার পরিচয় ফুটে ওঠে। এরপর তিনি ১৯৯১ সালে গৌরনদী-আগৈলঝাড়া আসনে বাম দলের থেকে নির্বাচন করে মাত্র ৬১৩ ভোট পেয়েছিলেন। তখন এ আসনে বিএনপির প্রার্থী ছিলেন ভাষা আন্দোলনের অন্যতম সংগঠক কাজী গোলাম মাহবুব, তিনি পরাজিত হয়েছিলেন আওয়ামীলীগের আবুল হাসানাত আব্দুল্লাহর কাছে। আবুল হাসানাত ভোট পেয়েছিলেন ৫৫ হাজার ৬৯৭টি ও কাজী গোলাম মাহবুব পেয়েছিলেন ৪৬ হাজার ৮৫৫টি। এই নির্বাচনে বিএনপি সরকার গঠন করলেও এই আসনটি থাকে আওয়ামীলীগের দখলে। এই আসনটিকে ধরা হতো আওয়ামীলীগের দূর্গ। হিন্দু প্রধান এলাকা আগৈলঝাড়ার কারণে এই আসনে সব সময় এগিয়ে থাকতো তারা। ১৯৯৩ সালে বাম দল ছেড়ে বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপিতে যোগ দেন জহিরউদ্দিন স্বপন। স্বৈরাচার বিরোধী আন্দোলনের অন্যতম সংগঠক হিসেবে তার যোগ্যতা ও প্রজ্ঞার কারণে তিনি যুক্ত হয়ে যান বিএনপির কেন্দ্রিয় রাজনীতির সাথে। এরপর জহির উদ্দিন স্বপনের বিএনপির সাথে পথচলা। সাংবিধানিক নিয়ম রক্ষা ও তত্ত্বধায়ক সরকারের আইন পাস করার জন্য ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি নির্বাচন দেন বিএনপির তৎকালীন চেয়ারপার্সন বেগম খালেদা ২ এর পাতায় দেখুন

পরিশুদ্ধ জীবনের সন্ধানে মাহে রমজান

মাওলানা মোহাম্মদ ইউসুফ

রমজানের আজ দ্বিতীয় দিবসে মুমিনের উপলব্ধিতে আসা প্রয়োজন যে, সিয়াম কেবল দেহের উপবাস নয়, বরং এটি আত্মার এক নিবিড় পরিমার্জন। মানুষের ভেতর দুটি সত্তা বিদ্যমান একটি পাশবিক, যা কেবল ভোগবিলাস চায় অন্যটি ঐশ্বরিক বা রূহানি, যা আল্লাহর সান্নিধ্য খুঁজে বেড়ায়। সারা বছর আমাদের পাশবিক সত্তা অর্থাৎ ২ এর পাতায় দেখুন

সমঝোতায় নেওয়া অর্থ চাঁদা নয়, জোর করলে চাঁদা: সড়ক পরিবহনমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সড়কে পরিবহন থেকে অর্থ আদায় প্রসঙ্গে সড়ক, রেল ও নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম বলেছেন, পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কোনো অর্থ নেওয়া হলে সেটিকে চাঁদা বলা যায় না। তবে কাউকে বাধ্য করে অর্থ আদায় করলে সেটিই চাঁদাবাজি। সচিবালয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলনকক্ষে বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ মন্তব্য করেন। মন্ত্রী বলেন, পরিবহন খাতে মালিক ও শ্রমিক সমিতি রয়েছে। তারা নিজেদের কল্যাণ তহবিলের জন্য নির্দিষ্ট হারে অর্থ সংগ্রহ করে থাকে। এটি অনেকটা ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে দুই বাসের সংঘর্ষ, নিহত-২

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কে বিআরটিসি ও সোহাগ পরিবহনের দুটি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত ও ২০ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার বেলা আনুমানিক ১১টার দিকে ডাসার থানাধীন মেলকাই এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কুয়াকাটা থেকে ছেড়ে আসা বিআরটিসির একটি বাসের সঙ্গে ঢাকা থেকে বরিশালের উদ্দেশ্যে ছেড়ে আসা সোহাগ পরিবহনের একটি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই বিআরটিসি বাসের চালক (পরিচয় অজ্ঞাত) এবং মহাসড়ক দিয়ে চলাচলরত এক ভ্যানচালক নিহত হন। এ দুর্ঘটনায় আহত হয়েছেন ২০ জন। তাদের মধ্যে ৮ জনকে গুরুতর অবস্থায় মাদারীপুরের ২৫০ শয্যা জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুরুতর আহতদের মধ্যে রয়েছেন আজমিনা (৪০), জয়নুল (২৩), তুহিন (২০), রাসেল (২২), আব্দুল কাদের (৬৫), রবিউল ইসলাম (৩৭), সাদেক (৬০) এবং এক অজ্ঞাত ব্যক্তি। অন্য আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া ২ এর পাতায় দেখুন

ছাত্রদল থেকে বহিষ্কৃত সবুজ আকনের বিরুদ্ধে ধর্ষণের প্রমাণ মিলেছে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা ছাত্রদলের বহিষ্কৃত সহ-সভাপতি সবুজ আকনের বিরুদ্ধে স্ত্রীর বোনের মেয়েকে (ভাগনি) ধর্ষণের প্রমাণ পেয়েছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। এজন্য তাকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেছে তারা। বরিশালে স্ত্রীর বোনের কিশোরী মেয়েকে (ভাগনি) ধর্ষণের অভিযোগে জেলা ছাত্রদলের বহিষ্কৃত সহ-সভাপতি সবুজ আকনের বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। তদন্তে প্রাথমিকভাবে ধর্ষণের অভিযোগের সত্যতা পাওয়ার কথা উল্লেখ করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলাটি বিচারের জন্য আদালতে পাঠানো হয়েছে। আদালতের সরকারি নিবন্ধন কর্মকর্তা (জিআরও) শফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, চলতি সপ্তাহেই চার্জশিট গ্রহণ করা হয়েছে। তবে মামলাটি এখনও বিচারিক ফাইলে অন্তর্ভুক্ত হয়নি। জানা গেছে, সাবেক ছাত্রদল নেতা সবুজ আকনের বিরুদ্ধে ধর্ষণ মামলাটি প্রথমে তদন্তের দায়িত্ব পান বরিশাল মেট্রোপলিটনের কাউনিয়া থানার ২ এর পাতায় দেখুন

সাংবাদিক সাইফুলকে দেখতে গেলেন মহানগর জামায়াতের আমির

কীর্তনখোলা রিপোর্ট

বাবুগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি সাইফুল ইসলামকে দেখতে হাসপাতালে গেলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগর আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবর। এ সময় তিনি সাংবাদিক সাইফুল ইসলামের শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন এবং তার দ্রুত আরোগ্যের জন্য দোয়া করেন। এ সময় মহানগর আমিরের সাথে আরও উপস্থিত ছিলেন, বাবুগঞ্জ উপজেলা জামায়াতের আমির মাওলানা রফিকুল ইসলাম, জামায়াত নেতা খলিলুর রহমান মিজান ও আব্দুস সাত্তার খান প্রমুখ নেতৃবৃন্দ। উল্লেখ্য সাংবাদিক নেতা সাইফুল ইসলাম গত ১১ই ফেব্রুয়ারি সড়ক দুর্ঘটনায় আহত হয়ে বরিশালের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বরিশালে সিটি মার্কেটে ভোক্তা অধিদপ্তরের অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

পবিত্র রমজান মাসকে সামনে রেখে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণ ও ভোক্তাদের স্বার্থ সুরক্ষায় বরিশালে বিশেষ অভিযান শুরু করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বৃহস্পতিবার দুপুরে নগরীর বৃহত্তম পাইকারি শাকসবজির মোকাম বহুমুখী সিটি মার্কেটে পরিচালিত এ অভিযানে একাধিক ব্যবসায়ীকে জরিমানা করা হয়। অভিযান সূত্রে জানা যায়, বাজারে পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করা, নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে বিক্রি এবং ক্রয়-বিক্রয়ের রসিদ সংরক্ষণে অনিয়মের অভিযোগ পাওয়া যায়। এ সময় কয়েকটি মোকামে তাৎক্ষণিকভাবে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অর্থদণ্ড আরোপ করা হয় এবং ব্যবসায়ীদের সতর্ক করা হয়। অভিযান পরিচালনা করেন অধিদপ্তরের বরিশাল কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্র। তিনি বলেন, রমজানকে ঘিরে বাজারে যেন কোনো ধরনের ২ এর পাতায় দেখুন

ভোলায় মায়ের সাথে অভিমান করে কিশোরের আত্মহত্যা

ভোলা প্রতিনিধি

ভোলা সদর উপজেলায় মায়ের সাথে অভিমান করে গলায় ফাঁস দিয়ে মো. ফাহিম নামে ১২ বছরের এক কিশোরের আত্মহত্যার খবর পাওয়া গেছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) দিনগত রাত সাড়ে ৯টার দিকে উপজেলার চরসামাইয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের চরছিফলী গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ফাহিম ওই গ্রামের বাসিন্দা মো. জসিমের বড় ছেলে। ফাহিমের ২ এর পাতায় দেখুন

বরিশালের কড়াপুরে বিএনপি কর্মীকে কুপিয়ে হত্যা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে দেলোয়ার হোসেন চৌধুরী (৬০) নামের এক বিএনপি কর্মীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার (১৮ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে বরিশাল সদর উপজেলার রায়পাশা-কড়াপুর ইউনিয়নের শিবপাশা বাদামতলা পুলসংলগ্ন এলাকার একটি ডোবা থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল মেট্রোপলিটন এয়ারপোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ২ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে অর্থ আত্মসাতের অভিযোগে ২ শিক্ষক বরখাস্ত

বাকেরগঞ্জ প্রতিনিধি

জালিয়াতির মাধ্যমে বিদ্যালয়ের ফান্ডের অর্থ আত্মসাতের অভিযোগে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার চরাদি ফজলুল হক মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনিছুর রহমান ও সহকারী শিক্ষক মো. নসরুল আমিন গাজীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ এক আদেশে তাদের সাময়িক বরখাস্ত প্রদান করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ফজলুল হক মাধ্যমিক বিদ্যালয়ের ফান্ডের অর্থ আত্মসাতের অভিযোগ এনে ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মো. মনিরুজ্জামান ২০২৫ সালের ১২ নভেম্বর বরিশালে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করেন। মামলায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনিছুর রহমান ও সহকারী শিক্ষক নসরুল আমিন গাজীকে আসামি ২ এর পাতায় দেখুন

পবিত্র মাহে রমাদানকে স্বাগত জানিয়ে বরিশাল জেলা-মহানগর মুছলিহিনের উদ্যোগে র‍্যালি-**কীর্তনখোলা**

মন্ত্রিসভা কমিটি গঠন

আট উপজেলায় পরীক্ষামূলক চালু হচ্ছে ফ্যামিলি কার্ড

কীর্তনখোলা ডেস্ক

দেশের আটটি বিভাগের আটটি উপজেলায় পরীক্ষামূলকভাবে (পাইলটিং) 'ফ্যামিলি কার্ড' কর্মসূচি শুরু করতে যাচ্ছে সরকার। এই কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অর্থমন্ত্রীকে সভাপতি করে ১৫ সদস্যের একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এই কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে জানানো হয়েছে, কমিটির সদস্য হিসেবে রয়েছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী ও প্রতিমন্ত্রী এবং সমাজকল্যাণ মন্ত্রী। এ ছাড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর ও মাহ্‌দী আমিন, মন্ত্রিপরিষদ সচিবসহ সাতটি মন্ত্রণালয়ের সচিব ২ এর পাতায় দেখুন

ইফতার করাতে সহায়তা চাইলেন ব্যারিস্টার ফুয়াদ

কীর্তনখোলা রিপোর্ট

নিজের নির্বাচনী আসন বরিশাল-৩ এর প্রান্তিক ও প্রত্যন্ত অঞ্চলের মানুষকে ইফতার করাতে আর্থিক সহায়তা চেয়েছেন আমার বাংলাদেশ (এবি) পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ। বুধবার (১৮ ফেব্রুয়ারী) রাত সাড়ে ১১টায় নিজের ফেসবুক পেজ থেকে ১ মিনিট ১৭ সেকেন্ডের একটি ভিডিও পোস্ট করে এ সহায়তা চান তিনি। তিনি বলেন, "আমার বরিশাল -৩ আসনে ছয়শর অধিক মসজিদ, মাদ্রাসা, এতিমখানা রয়েছে। আমরা চাচ্ছি প্রত্যেকটা প্রতিষ্ঠানে রমজান উপলক্ষ্য ন্যূনতম কিছু সহযোগিতা করতে। পাচঁটা বড় নদী ঘেরা প্রত্যন্ত ও প্রান্তিক অঞ্চলে রমজান মাসের ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে তারাবিতে যাওয়ার পথে কৃষককে পিটিয়ে হত্যা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

তারাবি নামাজ পড়তে যাওয়ার পথে হাতুড়ি পেটা করে মোস্তফা কামাল নামের কৃষককে নির্মমভাবে হত্যা করেছে তার স্বজনরা। বুধবার রাতে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন তিনি। বুধবার (১৮ ফেব্রুয়ারি) রাতে বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার কাজিরহাট থানাধীন ধর্মগঞ্জ গ্রামে এ ঘটনা ঘটে। নিহত মোস্তফা কামাল (৪৫) ওই গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে। হত্যাকাণ্ডের ঘটনায় ১৪ জনকে নামধারী এবং সাতজন অজ্ঞাতসহ মোট ২১ জনকে আসামি করে হত্যা মামলা দায়ের করেছেন নিহতের স্ত্রী আঁখি বেগম। হত্যাকাণ্ডের ঘটনায় রাতেই ৫ জনকে গ্রেপ্তার করেছে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

পণ্যমূল্য নিয়ন্ত্রণ করুন

প্রতিবছরই দেখা যায় পবিত্র রোজায় বেশি ব্যবহৃত খাদ্যপণ্যগুলোর দাম হু হু করে বেড়ে যায়। অথচ হঠাৎ করে দাম বেড়ে যাওয়ার কোনো বাস্তবভিত্তিক কারণ খুঁজে পাওয়া যায় না। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। রমজান মাস শুরু হওয়ার সপ্তাহ দুয়েক আগে থেকেই ব্যবসায়ীরা প্রায় প্রতিটি জরুরি পণ্যের দাম বাড়িয়ে দিয়েছেন। এরই মধ্যে বাজারে লেবুর দাম বেড়ে গেছে কয়েক গুণ। এক মাস আগেও যে লেবুর হালি ছিল ২০ থেকে ৪০ টাকার মধ্যে, সেই একই লেবু এখন বিক্রি হচ্ছে ৭০ থেকে ১০০ টাকা দরে। বেড়েছে খেজুরসহ কিছু ফলের দাম। ছোলা, পেঁয়াজ, মাছ, মাংস, শাক-সবজির দামও সপ্তাহের ব্যবধানে অনেকটাই বাড়তি। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছে স্বল্প আয়ের মানুষ। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, প্রতিবছরের মতো এবারও নিত্যপণ্যের দাম লাগামহীন হয়ে পড়েছে। ঢাকার বাজারে বেগুন বিক্রি হচ্ছে ১২০ থেকে ১৫০ টাকায়। দুই দিনে কাঁচা মরিচের দাম বেড়েছে কেজিপ্রতি ৪০ থেকে ৮০ টাকা পর্যন্ত। এ ছাড়া শসা, ছোলা, মসুর ডাল, ভোজ্যতেলসহ সব পণ্যের দাম উর্ধ্বমুখী। গরিবের প্রোটিন হিসেবে পরিচিত ব্রয়লার মুরগি ও ডিমের দামও বেড়েছে কেজি ও ডজন প্রতি ১৫ থেকে ২০ টাকা করে। আমাদের ইফতারের আরেকটি অন্যতম অনুষঙ্গ হলো খেজুর। খবরে বলা হয়েছে, জাতীয় রাজস্ব বোর্ড খেজুর আমদানিতে ৪০ শতাংশ শুল্ক কমিয়েছে, কিন্তু এর সুফল ক্রেতা পর্যায়ে মিলছে না। এই পরিস্থিতির আসল কারণ আমাদের কারো অজানা নয়। বছরের পর বছর ধরে কালোবাজারি, সিন্ডিকেট এবং অতি লোভী ব্যবসায়ীরা বাজারব্যবস্থার বারোটা বাজিয়েছেন। এর ভুক্তভোগী সমাজের নিম্নবিত্ত ও মধ্যবিত্তরা। বিশেষ করে রমজানে তাদের টানাপোড়েন কয়েক গুণ বেড়ে যায়। খবরে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকার আমদানিনির্ভর পণ্যগুলো চাহিদার চেয়ে ৪০ শতাংশ বেশি আমদানি ও মজুদ করেছে। সেই হিসাবে বাজারে পণ্যের ঘাটতি বা মূল্য বাড়ার কোনো কারণ থাকার কথা না। কিন্তু বাস্তবতা হচ্ছে, বাজারে প্রায় প্রতিটি জিনিসেরই দাম বেড়েছে। এর প্রধান কারণ, বাজারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোর উপযুক্ত নজরদারি না থাকা। আর সেই সুযোগ নেয় প্রভাবশালী সিন্ডিকেট। তারা প্রতিদিন মানুষের পকেট কাটে। এর থেকে পরিত্রাণের পথ সরকারকে বের করতে হবে। বিশ্লেষক মহল জানিয়েছে, নিত্যপণ্যের বাজার নিয়ে উদ্বেগ নতুন না। তারা আরও জানিয়েছে, এটি এমন কোনো সংকট নয়, যার সমাধান নেই। বরং এ ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি, স্বচ্ছতা, আইনের প্রয়োগ ও জবাবদিহির অভাবই পরিলক্ষিত হয়। আমরা আশা করি, রমজানে বাজার নিয়ন্ত্রণের মধ্য দিয়ে নতুন সরকার প্রথম পরীক্ষায় সফলতার সঙ্গে উত্তীর্ণ হবে। ব্যবসায়ীসমাজের উচিত রমজানের পবিত্রতা রক্ষা করে অতি মুনাফার প্রবণতা কমানো এবং মূল্য নিয়ন্ত্রণের ক্ষেত্রে সরকারকে সহযোগিতা করা। পাশাপাশি ট্রাক সেল, ওপেন মার্কেট সেল, ফ্যামিলি কার্ড ও অন্যান্য মাধ্যমে বাজারে সরকারের হস্তক্ষেপ বাড়াতে হবে।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের

চলমান থাকবে বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট মোহাম্মদ তাজুল ইসলাম। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, আপনারা গতকাল হয়তো দেখেছেন আইনমন্ত্রী বলেছেন ট্রাইব্যুনালের কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলমান থাকবে। আমরা আশাকরি, ট্রাইব্যুনালের বিচারকাজ চলমান থাকবে। সরকার আমাদের সুনির্দিষ্ট কিছু না বললেও চলমান রাখার ব্যাপারে ইঙ্গিত দিয়েছেন। যতক্ষণ পর্যন্ত আমরা দায়িত্বে আছি স্বাভাবিক গতিতেই সব কর্মকাণ্ড চলমান রাখবো এবং এটাই ন্যায়বিচারের দাবি।

মন্ত্রিসভা অন্তর্ভুক্তিমূলক হয়নি

নাহিদ ইসলাম। তিনি অভিযোগ করেছেন, মন্ত্রিসভায় ব্যাপক ধরনের আর্থিকভাবে অস্বচ্ছ, দুর্নীতিগ্রস্ত এবং ঋণখেলাপির অভিযোগে অভিযুক্ত, হত্যা মামলার আসামি এই ধরনের লোককে স্থান দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দলটির কেন্দ্রীয় কার্যালয়ে সমসাময়িক রাজনৈতিক ইস্যু এবং সদ্যগঠিত মন্ত্রিসভা নিয়ে এনসিপির আলোচনা-পর্যালোচনা তুলে ধরেন নাহিদ ইসলাম। তিনি বলেন, নির্বাচনের সাথে গণভোট একটি অঙ্গাঅঙ্গী বিষয় ছিল এবং গণভোট হয়েছে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ অনুসারে। যেই আদেশে খুবই স্পষ্টভাবে বলা হয়েছে, সংসদ সদস্য এবং সংবিধান সংস্কার পরিষদ সদস্য হিসেবে একই দিনে শপথ অনুষ্ঠিত হবে এবং একই ব্যক্তি শপথ পড়াবেন। যারা সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হবেন, তাদের সমন্বয়েই সংবিধান সংস্কার পরিষদ নামে একটি পরিষদ গঠিত হবে, যারা মূলত এই জুলাই সনদ এবং গণভোটে যেই সংস্কার প্রস্তাবনাগুলো ছিল সেগুলো বাস্তবায়ন করবেন এবং সেগুলো সংবিধানের সমন্বয় করবেন। সংবিধান সংস্কার পরিষদকে কার্যকর করতে আমরা শপথ গ্রহণ করেছি। কিন্তু শপথ গ্রহণের দিন বাংলাদেশের সংস্কার প্রত্যাশী জনগণ, যারা গণভোটে 'হ্যাঁ'-এর পক্ষে গণরায় দিয়েছে, তাদের সঙ্গে এক ধরনের প্রতারণা করা হয়েছে; সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে সরকারি দল শপথ গ্রহণ না করে। এনসিপির আহ্বায়ক আরও বলেন, একটি ভুল ব্যাখ্যা দিয়ে এবং সংবিধানের দোহাই দেওয়ার মাধ্যমে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়া থেকে তারা বিরত থেকেছেন। এটি সংস্কারের সাথে প্রতারণা করা হয়েছে। নতুন বাংলাদেশের যে আকাঙ্ক্ষা, সেই আকাঙ্ক্ষার সাথে প্রতারণা করা হয়েছে এবং গণভোটে যে গণরায় এসেছে, সেই গণরায়কে বৃদ্ধাঙ্গুলি দেখানো হয়েছে। সরকারি দল অতিদ্রুত শপথ নেবেন বলে প্রত্যাশা করেন তিনি। নাহিদ ইসলাম বলেন, সংবিধান সংস্কার পরিষদ ছাড়া এই জাতীয় সংসদের কোনো মূল্য নেই। গণঅভ্যুত্থানের পরে ঐকমত্য কমিশনের আলোচনার মাধ্যমে, নির্বাচনের মাধ্যমে, গণভোটের মাধ্যমে এই জাতীয় সংসদে যাচ্ছি। এটি কেবল জাতীয় সংসদ না, এই সংসদ একটি সংবিধান সংস্কার পরিষদ হিসেবে কাজ করবে এবং সংবিধান পরিবর্তন করে বাংলাদেশের গণতান্ত্রিক সংস্কার, প্রতিষ্ঠানগুলোর যেই সংস্কার, সেই সংস্কারগুলো নিশ্চিত করবে। এটি না হলে বাংলাদেশ সেই আওয়ামী শেখ হাসিনার বাংলাদেশই থাকবে। ফলে দ্রুত জাতীয় সংসদ অধিবেশন ও সংস্কার পরিষদ অধিবেশন ডাকার আহ্বান জানান তিনি। মন্ত্রিসভা নিয়ে কিছু পর্যালোচনা রয়েছে জানিয়ে তিনি বলেন, এই মন্ত্রিসভা দেখে আমাদের কাছে মনে হয়নি এটি পরিবর্তনের আকাঙ্ক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ। বরং এটি পুরনো বন্দোবস্তের ধারাবাহিকতা হিসেবে আমরা দেখতে পাচ্ছি। প্রথমত এই মন্ত্রিসভায় আঞ্চলিক ভারসাম্য রক্ষা করা হয়নি। এখানে একটা স্পষ্ট আঞ্চলিক বৈষম্য রয়েছে। এই মন্ত্রিসভা অন্তর্ভুক্তিমূলক হয়নি এবং প্রতিনিধিত্বশীল হয়নি। নারীর অংশগ্রহণ বলেন, ভিন্ন ধর্মাবলম্বী বা ভিন্ন জাতিগোষ্ঠীর অংশগ্রহণ বলেন, সেটা যথেষ্ট পরিমাণ হয়নি। এই মন্ত্রিসভার গড় বয়স প্রায় ৬০। অর্থাৎ আমরা যে তারুণ্য নির্ভর বাংলাদেশের কথা ভেবেছি, জুলাইয়ে যেই তারুণ্য শক্তি বাংলাদেশকে পথ দেখিয়েছে, আমরা তার প্রতিফলন এই মন্ত্রিসভায় দেখতে পাইনি। তিনি বলেন, সবচেয়ে ভয়াবহ হলো, এই মন্ত্রিসভায় ৬২ শতাংশ মন্ত্রী বা প্রতিমন্ত্রীরা ব্যবসায়ী। ব্যবসায়ী হওয়া অপরাধ নয়, কিন্তু রাজনীতিবিদ এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ থাকা উচিত। কিন্তু যখন আপনি অর্ধেকেরও বেশি ব্যবসায়ীদের মন্ত্রিত্ব দেবেন, তারা ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করবে, জনগণের স্বার্থ রক্ষা করবে না। এই ব্যবসায়ীদের উল্লেখযোগ্য সংখ্যকের বিরুদ্ধে ঋণখেলাপির অভিযোগ রয়েছে। যেটি আমরা মনোনয়ন দেওয়ার সময় অভিযোগ করেছিলাম। নাহিদ ইসলাম আরও বলেন, এই মন্ত্রিসভায় ব্যাপক ধরনের আর্থিক অস্বচ্ছ, দুর্নীতিগ্রস্ত এবং ঋণখেলাপির অভিযোগে অভিযুক্ত, হত্যা মামলার আসামি এই ধরনের লোককে স্থান দেওয়া হয়েছে। নিশ্চয়ই কিছু ভালো অভিজ্ঞ লোকদেরও এই মন্ত্রিসভায় স্থান দেওয়া হয়েছে, আমরা সেটাকে সাধুবাদ জানাই। কিন্তু আমরা আশা করেছিলাম যে, এই মন্ত্রিসভাটা জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী প্রথম নির্বাচনে বিজয়ী সরকার, বিজয়ী দলের যে মন্ত্রিসভা হয়েছে, সেটা সম্পূর্ণরূপে ফ্রেশ থাকবে। অন্তর্বর্তী সরকারের নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োগ দেওয়া নিয়েও প্রশ্ন তুলেছেন নাহিদ। তিনি বলেন, এই নিয়োগের কারণে অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা, নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন উঠবে।

নতুন সরকার গণতন্ত্র-আইনের

বলে আশাবাদ ব্যক্ত করেছেন বিরোধী দলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। 'আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস' উপলক্ষে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র প্রচার-সহকারী মুজিবুল আলমের স্বাক্ষর করা এক বিবৃতিতে তিনি এ প্রত্যাশা ব্যক্ত করেন। বিবৃতিতে ডা. শফিকুর রহমান বলেন, দেশের মানুষের প্রত্যাশা, নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার দেশে গণতন্ত্র, আইনের শাসন, মানবাধিকার, ভোটাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করবে। সরকারের অগ্রাধিকারমূলক কর্তব্যের কথা স্মরণ করিয়ে দিয়ে তিনি আরও বলেন, জনগণ যেন জানমাল ও ইজ্জত-আব্রুর নিরাপত্তা বজায় রেখে নির্বিঘ্নে চলাফেরা করতে পারে, সে পরিবেশ নিশ্চিত করাও সরকারের দায়িত্ব। বিবৃতিতে বিরোধী দলীয় নেতা বলেন, দেশবাসী এমন এক সময়ে ভাষা দিবস পালন করতে যাচ্ছে, যখন বিএনপির নেতৃত্বে নতুন সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তবে পতিত ফ্যাসিবাদের দোসররা এখনো দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশবাসীকে ঐক্যবদ্ধভাবে এসব চক্রান্ত ও ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে। বায়ান্নর ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, ১৯৫২ সালে এ দেশের ছাত্র-যুবসমাজ বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার দাবিতে তৎকালীন শাসকগোষ্ঠীর বিরুদ্ধে ঐতিহাসিক আন্দোলন গড়ে তোলে। বাংলা ভাষার মর্যাদা প্রতিষ্ঠায় তাঁদের এই আত্মত্যাগ জাতি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ করবে। ২১ ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস' উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজনের মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য তিনি জামায়াতে ইসলামীর সব শাখা ও দেশবাসীর প্রতি আহ্বান জানান।

গ্রামের মানুষ কষ্টে রয়েছে

শুধু একটি আবেগের কথা নয় বরং একটি বাস্তব সামাজিক সত্য। তাদের কষ্ট লাঘব করা রাষ্ট্র, সমাজ ও সচেতন নাগরিক সবারই দায়িত্ব। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ক্রমান্বয়ে গ্রামের মানুষের কষ্ট দূর করতে কাজ করছে সরকার। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় মন্ত্রণালয়ের সার্বিক কার্যাবলির ওপর উপস্থাপনা করেন মন্ত্রণালয়ের সচিব রেজাউল মাকছুদ জাহেদী। মির্জা ফখরুল বলেন, একটি সফল রাষ্ট্র বিনির্মাণে আমাদের সবার ঐক্যবদ্ধভাবে কাজ করা অত্যন্ত জরুরি। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্র এই তিনটি স্তর একে অপরের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আমরা যদি ভিন্নমত ও বিভেদ ভুলে একটি টিম হিসেবে কাজ করি, তাহলে উন্নয়ন, সুশাসন ও ন্যায়ভিত্তিক সফল সমাজ প্রতিষ্ঠা করা সম্ভব। তিনি বলেন, আমাদের মনে রাখতে হবে একটা বিধ্বস্ত অর্থনীতি, বিধ্বস্ত রাষ্ট্রব্যবস্থার ওপর দিয়ে প্রধানমন্ত্রীর স্বপ্ন ও পরিকল্পনা বাস্তবায়নে আমরা কাজ করছি। আমরা জনগণের ট্যাক্সে চলি তাই জনগণের কাছে জবাবদিহিতা নিশ্চিত করা নৈতিক দায়িত্ব। মন্ত্রী বলেন, বিগত পনের বছরে বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান যেভাবে দুর্বল, অকার্যকর বা আস্থাহীন হয়ে পড়েছিল, সেগুলো পুনরায় সচল ও কার্যকর করতে সরকার এখন নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করা মানে কেবল প্রশাসনিক কাঠামো ঠিক করা নয়, বরং জনগণের আস্থা পুনরুদ্ধার করা। কার্যকর প্রতিষ্ঠানই একটি শক্তিশালী ও উন্নয়নমুখী রাষ্ট্র গঠনের ভিত্তি। তাই সরকারের এই পুনর্গঠন কার্যক্রম টেকসই ও ফলপ্রসূ করতে সংশ্লিষ্ট সবার সম্মিলিত প্রচেষ্টা অপরিহার্য। মির্জা ফখরুল বলেন, প্রধানমন্ত্রীর পরিষ্কার বার্তা হচ্ছে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং কঠোরভাবে দুর্নীতি নিয়ন্ত্রণের মাধ্যমে জনগণের মনে শান্তি নিরাপত্তা ফিরিয়ে আনাই হচ্ছে সরকারের অগ্রাধিকার। প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেন, এই মন্ত্রণালয় সরাসরি সাধারণ মানুষের সঙ্গে সম্পৃক্ত। সকলের সহযোগিতার মাধ্যমে উন্নয়ন ও গণতন্ত্র সমুন্নত রেখে যেনো জনগণের কাছে যেতে পারি। দুর্নীতিমুক্ত একটি রাষ্ট্র বির্নিমাণে সকলে মিলে কাজ করতে হবে। নির্বাচনি ইশতেহার ও ঘোষিত ৩১ দফা কেবল রাজনৈতিক অঙ্গীকার নয় এগুলো জনগণের সঙ্গে করা একটি সামাজিক চুক্তি। তাই মানুষের জন্য একটি নিরাপদ, ন্যায়ভিত্তিক ও উন্নয়নমুখী পরিবেশ তৈরিতে এই মন্ত্রণালয়কে দায়িত্বশীল ও কার্যকর ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে জনস্বার্থকে অগ্রাধিকার দিয়ে কাজ করলেই নির্বাচনি ইশতেহার ও ৩১ দফার বাস্তবায়ন সম্ভব হবে। একটি কল্যাণমুখী, মানবিক ও টেকসই রাষ্ট্র গঠনে এই মন্ত্রণালয়ের সক্রিয় ও আন্তরিক উদ্যোগই হতে পারে পরিবর্তনের প্রধান চালিকা শক্তি।

রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতার

জিয়া। সেই নির্বাচনে জহির উদ্দিন স্বপনকে বিএনপি থেকে মনোয়ন দেয়া হয়। তিনি সংসদ সদস্য নির্বাচিত হন। দলে যোগদানের মাত্র ৩ বছরের মাথায় দলীয় মনোনয়নের জন্য বিবেচিত হওয়াও ছিলো তার রাজনৈতিক মেধার মূল্যায়ন। ১৫ ফেব্রুয়ারির এ নির্বাচনের সংসদ মাত্র ১২ দিন স্থায়ী হয়েছিলো। তত্ত্বাবধায়ক সরকারের বিল পাস করেই সেই সংসদ ভেঙে দেয়া হয়েছিলো। পরবর্তীতে একই বছর ১২ জুন আবারো নির্বাচন হয়, সেই নির্বাচনে আবারো কাজী গোলাম মাহবুবকে মনোনয়ন দিলে তিনি আবারো আওয়ামীলীগের আবুল হাসানাত আব্দুল্লাহর কাছে হেরে যান। তখন তাদের ভোট ছিলো যথাক্রমে ৫০ হাজার ১২৫ ও ৫২ হাজার ৪১৮, মাত্র ২ হাজার ২৯৩ ভোটে হেরে যান বিএনপির প্রার্থী। কিন্তু ২০০১ সাথে আওয়ামীলীগের গডফাদার হিসেবে পরিচিত সেই আবুল হাসানাত আব্দুল্লাহ ও তার সসস্ত্রবাহিনীকে পরাজিত করে ১৪ হাজার ০৩১ ভোট বেশি পেয়ে আওয়ামীলীগের দূর্গে বিএনপির জন্য জয় এনে দেন এই জহিরউদ্দিন স্বপন। তখন তিনি ভোট পান ৮১ হাজার ৭৯১টি ও আবুল হাসানাত পান ৬৭ হাজার ৭৬০ ভোট। এলাকার প্রত্যক্ষদর্শীরা জানান, আওয়ামীলীগের গডফাদার আবুল হাসানাত আব্দুল্লাহর পালিত সসস্ত্রবাহিনীর সামনে কোনো ধরনের সন্ত্রাসীবাহিনী ছাড়া একমাত্র মানুষের মন জয়ের রাজনৈতিক কৌশলের কারণেই জয়ী হয়েছিলেন, জহিরউদ্দীন স্বপন। এর কারণ জানতে চাইলে আগৈলঝাড়ার সে সময়কার অত্যন্ত প্রত্যন্ত গ্রাম মোল্লাপাড়া গ্রামের বিএনপির এক সমর্থক বলেন, আমার ছোটো বেলায় দেখতাম এই জহিরউদ্দিন স্বপন কোন দল থেকে যেন নির্বাচন করছিলো, কোনো কর্মী ছাড়াও তিনি হেঁটে হেঁটে আমাদের এই প্রত্যন্ত অঞ্চলেও চলে আসতেন, দোকানে বসতেন, সাধারণ মানুষের সাথে মিশতেন, চা খেতেন। এভাবেই সাধারণ মানুষের কাছে পরিচিত হয়ে ওঠেন স্বপন। এলাকায় স্বপন ভাই নামেই তিনি সমধিক পরিচিত বলেই জানান গৌরনদী-আগৈলঝাড়াবাসী। ২০০৮ সালের নির্বাচনে আবারো জহিরউদ্দিন স্বপনকে বাদ দিয়ে হঠাৎ বিএনপির রাজনীতিতে আবির্ভূত হওয়া নেতা ইঞ্জিনিয়ার আবদুস সোবাহানকে এই আসন থেকে মনোনয়ন প্রদান করে বিএনপি। সে বার তিনি প্রথমে স্বতন্ত্র প্রার্থী হলেও পরবর্তীতে তিনি দলীয় স্বার্থে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছিলেন। সেখানেও তিনি তার দূরদৃষ্টির পরিচয় রেখেছিলেন। এরপর এ দেশে হাসিনার অধীন যত নির্বাচন হয়েছে তার হালহকিকত কারো না জানা নয়। তিনি এর মধ্যে আওয়ামী দুঃশাসনের দ্বারা নানাভাবে নিগৃহীত, নির্যাতিত ও অবরুদ্ধ হয়ে পড়েন। তবুও তিনি এলাকায় এসেছেন, মানুষের খোঁজ-খবর রেখেছেন বলে জানায় গৌরনদী-আগৈলঝাড়া এলাকার মানুষ। তিনি সবসময়ই সবরকম প্রতিকূলতা নিজের প্রজ্ঞা ও মেধার জোরে উতরে গেছেন। সর্বশেষ, ১২ ফেব্রুয়ারি ২০২৬-এর জাতীয় নির্বাচনেও তাকে পড়তে হয়েছিলো বিএনপির বিদ্রোহী প্রার্থী ও সুবিধাভোগী লোভী কিছু ৩য় সারির নেতা-কর্মীর প্রতিরোধের মুখে। অর্থের শক্তিতে প্রভাব বিস্তারকারী বিএনপির বিদ্রোহী প্রার্থী ইঞ্জিনিয়ার আবদুস সোবহানের অপকৌশল ও বিরোধী প্রার্থী জামায়াতে ইসলামীর প্রতিরোধও তিনি তার রাজনৈতিক মেধার জোরে টপকে যান। তিনি হিন্দু-মুসলিম সকল মানুষকে সমান চোখে বিচার করে এবং তাদের সমান সামাজিক মর্যাদা দিয়ে ভোটারদের মধ্যে আস্থা অর্জন করতে সক্ষম হন। তাইতো কোনো পেশী শক্তি বা অর্থ শক্তি নয়, মেধার শক্তিতেই তিনি হয়ে ওঠেন গৌরনদী-আগৈলঝাড়ার অপ্রতিরোধ্য। তিনি শত বাধা উপেক্ষা করে এবারের নির্বাচনে বিপুল ভোটে জয় লাভ করেন। এবারের নির্বাচনে তিনি ১ লাখ ৫৫২ ভোট পেয়ে জয়ী হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী মাওলানা কামরুল ইসলাম খান পান ৪৬ হাজার ২৬৩ ভোট। ৫৪ হাজার ২৮৯ ভোটের ব্যবধানে তিনি সংসদ সদস্য নির্বাচিত হন। তার এই মেধার প্রতিদান হিসেবেই সবার আগে বাংলাদেশের প্রবক্তা প্রধানমন্ত্রী তারেক রহমান তার মন্ত্রীসভায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্ব দিলেন জহির উদ্দিন স্বপনকে। ১৯৯০ সালে সর্বশেষ সুনীল কুমার গুপ্তের পর দীর্ঘ বিরতিতে মন্ত্রী পেলো গৌরনদী-আগৈলঝাড়া আসনের মানুষ। এ জন্য এ এলাকার তথা বরিশাল জেলার মানুষ মনে করছেন, এবারের মন্ত্রীসভায় জহির উদ্দিন স্বপনের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্বের কারণে উন্নয়নের দিক থেকেও বরিশাল গুরুত্ব পাবে। দায়িত্ব গ্রহণের পর জহির উদ্দিন স্বপনও তেমনটাই ঈঙ্গিত দিলেন। তিনি বলেন, 'বরিশালবাসীর দীর্ঘদিনের আস্থা ও ভালোবাসার প্রতিদান দিতে চাই। দেশ ও জনগণের স্বার্থকে সর্বাগ্রে রেখে দায়িত্ব পালন করবো। বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে এলাকার জনগণের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানাই।' বর্তমান তথ্য ও সম্প্রচার মন্ত্রী স্বপনের রাজনৈতিক পদ-পদবি ও দক্ষতাও কোনো অংশই কম ছিলো না। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অঙ্গনে দলের এবং দেশের প্রতিনিধিত্ব করেছেন একাধিকবার। দেখা যায়, জহির উদ্দিন স্বপনের রাজনৈতিক জীবন শুরু ছাত্ররাজনীতি দিয়ে। তিনি খুলনা সরকারি ব্রজলাল কলেজের ভিপি নির্বাচিত হয়েছিলেন। তিনি বাংলাদেশ ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় সভাপতির দায়িত্বও পালন করেছেন। ছাত্রনেতা হিসেবে '৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। একইভাবে জাতীয় রাজনীতি ও গণতান্ত্রিক প্রতিটি সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন জহির উদ্দিন স্বপন। এরপর ১৯৯৩ সালে বিএনপিতে যোগ দিয়ে ধাপে ধাপে দলে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। বিএনপির মিডিয়া সেলের প্রতিষ্ঠাতা আহ্বায়ক ছিলেন তিনি। এর আগে কেন্দ্রীয় কমিটির তথ্য ও গবেষণাবিষয়ক সম্পাদক ও সহকারী দপ্তর সম্পাদক হিসেবেও সফলতার সাথে দায়িত্ব পালন করেন। এই সাফল্যের ধারাবাহিকতায় পরবর্তী সময়ে বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পান জহির উদ্দিন স্বপন। বর্তমানে এই পদেই আছেন। জহির উদ্দিন স্বপন এর আগে সংসদ সদস্য থাকা অবস্থায় জাতীয় সংসদের বিভিন্ন স্থায়ী কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি পাবলিক অ্যাকাউন্টস কমিটি এবং সংস্থাপন মন্ত্রণালয়সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। আন্তর্জাতিক অঙ্গনেও জহির উদ্দিন স্বপনের সক্রিয় উপস্থিতি রয়েছে। দুবার তিনি জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশ নেন। এ ছাড়া মানবাধিকার, আইনের শাসন, গণতন্ত্র ও মানব নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করা বিশ্বব্যাপী আইনপ্রণেতাদের নির্দলীয় নেটওয়ার্ক 'পার্লামেন্টারিয়ানস ফর গে-াবাল অ্যাকশন (পিজিএ)'-এর এশিয়া অঞ্চলের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। সেই সঙ্গে বিভিন্ন আন্তর্জাতিক যুব ও ছাত্র সংগঠনের সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন তিনি।

আট উপজেলায় পরীক্ষামূলক

এই কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন। এই কমিটি মূলত ফ্যামিলি কার্ড বাস্তবায়নের একটি উপযুক্ত নকশা বা ডিজাইন এবং সুবিধাভোগী নির্বাচনের পদ্ধতি প্রণয়ন করবে। প্রাথমিক পর্যায়ে দেশের আটটি বিভাগের প্রতিটিতে একটি করে উপজেলা নির্বাচন করে সেখানে এই কার্ড প্রবর্তনের ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রজ্ঞাপনে আরও জানানো হয়, নারীদের জন্য বিদ্যমান অন্য কোনো কর্মসূচিকে এই কার্ডের ভিত্তি হিসেবে ব্যবহার করা যায় কি না, কমিটি তা পর্যালোচনা করবে। এ ছাড়া সুবিধাভোগীদের ডাটাবেজ তৈরির লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র ও ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজের মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে একটি ডিজিটাল এমআইএস প্রণয়নের সুপারিশ করবে এই কমিটি। আসন্ন ঈদুল ফিতরের আগে 'ফ্যামিলি কার্ড' বিতরণ করার লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। সেই লক্ষ্য পূরণে আগামী ২৪ ফেব্রুয়ারির মধ্যে একটি প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন করতে বলা হয়েছে কমিটিকে। প্রজ্ঞাপন অনুযায়ী, কমিটির সভা প্রয়োজন অনুসারে অনুষ্ঠিত হবে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা দেবে। কমিটি প্রয়োজনে যেকোনো নতুন সদস্যকে অন্তর্ভুক্ত করার ক্ষমতা রাখবে।

ইফতার করাতে সহায়তা

ইফতারের খরচ মেটাতে দরকার আপনাদের দোয়া এবং আর্থিক সহযোগিতা।" ভিডিওর ক্যাপশনে তিনি লিখেছেন, "রমজান মুবারাক। আসন্ন মাহে রমজানে ইফতারের জন্য আপনাদের আর্থিক সহযোগিতা প্রয়োজন।" ব্যারিষ্টার ফুয়াদ তার ভিডিওতে আরও বলেছেন, "২০২৪-এর গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে জুলাই সনদের ভিত্তিতে নতুন বাংলাদেশ বিনির্মানের লড়াইটা চলমান রাখা শত শত শহীদদের রেখে যাওয়া আমানত। আসুন, সকলে মিলে শহীদ ওসমান হাদির দায় ও দরদের বাংলাদেশ গড়ি। ইনকিলাব মঞ্চ, ইনকিলাব কালচারাল সেন্টার - ইনসাফ ও আজাদীর লড়াইটা চালিয়ে যাই।" এর আগে তিনি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচনী তহবিলে সহযোগীতা চেয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করেছিলেন তিনি। তখন ৩৯ লাখ টাকার বেশি অনুদান পেয়েছিলেন বলে পরবর্তী পোস্টে জানিয়েছিলেন তিনি।

মেহেন্দিগঞ্জে তারাবিতে যাওয়ার

পুলিশ। গ্রেপ্তারকৃতরা হলেন- নান্নু রাঢ়ী, কাশেম রাঢ়ী, মো. জসিম খান, মিন্টু হাওলাদার ও সিয়াম হাওলাদার। কাজিরহাট থানার অফিসার ইনচার্জ মো. নবীউল হাসান বলেন, গ্রেপ্তারকৃতদের বৃহস্পতিবার দুপুরে বরিশাল আদালতে সোপর্দ করা হয়। বিচারক তাদেরকে কারাগারে প্রেরণের নির্দেশ দিয়েছেন। বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। নিহতের স্ত্রী আঁখি বেগম বলেন, তার স্বামী মোস্তফা কামাল এবং হত্যাকারীরা পরস্পর আত্মীয়স্বজন। দীর্ঘদিন ধরে জমি নিয়ে মোস্তফার সাথে প্রতিপক্ষ সিদ্দিকুর রহমান, শাহাবুদ্দিন হাওলাদার ও নাসির হাওলাদারদের বিরোধ চলে আসছিল। তিনি আরও বলেন, বুধবার (১৮ ফেব্রুয়ারি) রাত ৮টার দিকে তারাবি নামাজ আদায়ের জন্য বাড়ি থেকে বের হয়ে পার্শ্ববর্তী বাজারের মসজিদের উদ্দেশে যাচ্ছিলেন মোস্তফা কামাল। এসময় পূর্বে থেকে মাঠের মধ্যে ওত পেতে থাকা প্রতিপক্ষরা তার ওপর অতর্কিত হামলা করে। একপর্যায় হাতুড়ি দিয়ে পিটিয়ে মাথা এবং হাতসহ তার শরীরের বিভিন্ন অংশ ভেঙে দেয়। মুমূর্ষু অবস্থায় রাতেই তাকে উদ্ধার করে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক তাকে রাত ১টার দিকে তাকে মৃত ঘোষণা করেন।

বরিশালের কড়াপুরে বিএনপি

(ওসি) মিজানুর রহমান। নিহত দেলোয়ার হোসেন বরিশাল সদর উপজেলার ১ নম্বর রায়পাশা-কড়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি ইউনিয়ন বিএনপির একজন কর্মী ছিলেন। পেশায় বাজারের ইজারাদার ও গরু ব্যবসায়ী ছিলেন তিনি। তাঁর বাড়ি উত্তর কড়াপুর গ্রামে। তিনি মৃত নজির চৌধুরীর ছেলে। এলাকাবাসী জানান, দেলোয়ার নিজ বাড়ি থেকে শ্বশুরবাড়িতে যাচ্ছিলেন। ঘটনাস্থলের কাছে তাঁর ব্যবহৃত একটি বাইসাইকেল ও গলার মাফলার পরিত্যক্ত অবস্থায় পাওয়া যায়। স্থানীয় লোকজন রাস্তায় সাইকেল ও মাফলার পড়ে থাকতে দেখে খোঁজাখুঁজি শুরু করেন। পরে সড়কের পাশের একটি ডোবায় তাঁর মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেন। রায়পাশা-কড়াপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আজাদী হাসনাত ফিরোজ বলেন, নিহতের শরীরে ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে। তিনি দাবি করেন, দেলোয়ার বিএনপির সক্রিয় কর্মী ছিলেন এবং পূর্বে মামলা-হামলার শিকার হয়েছেন। পারিবারিক জমিজমা নিয়ে তার সঙ্গে স্বজনদের একটি পক্ষের বিরোধ ছিল বলেও জানা গেছে। ওসি মিজানুর রহমান বলেন, দুর্বৃত্তরা মাথার বাম পাশে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে হত্যা করে মরদেহ ডোবার পানিতে ফেলে যায়। ঘটনাটি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে। এ ঘটনায় হত্যা মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

ছাত্রদল থেকে বহিষ্কৃত সবুজ আকনের

উপ পরিদর্শক দেলোয়ার হোসেন। পরবর্তীতে মামলাটি তদন্তের দায়িত্ব পান গোয়েন্দা পুলিশের উপ পরিদর্শক গাজী অহিদুল ইসলাম অহিদ। তদন্তকারী কর্মকর্তা ডিবির উপপরিদর্শক গাজী অহিদুল ইসলাম অহিদ অভিযোগপত্রে উল্লেখ করেছেন, আসামি সবুজ আকনের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১) ধারার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। তাই মামলাটি বিচারের জন্য আদালতে দাখিল করা হয়েছে। মামলার এজাহার সূত্রে জানা গেছে, সবুজ আকনের স্ত্রী গর্ভবতী থাকাকালে তার সেবাযত্নের জন্য স্ত্রীর বোনের মেয়েকে বাসায় রাখা হয়। সেই সুযোগে সবুজ আকন কিশোরীকে বিভিন্নভাবে উত্যক্ত করতে থাকেন। পরে ২০২৪ সালের ২১ আগস্ট বরিশাল নগরীর এসআর রোড এলাকার একটি ভাড়া বাসায় নিয়ে গিয়ে একাধিকবার ধর্ষণের অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। ঘটনার কথা কাউকে না বলার জন্য ভুক্তভোগী ও তার মাকে হুমকি দেওয়া হয় বলেও মামলায় উল্লেখ করা হয়েছে। ঘটনার প্রায় ছয় মাস পর, ২৬ মে ভুক্তভোগীর মা বাদী হয়ে মামলা দায়ের করেন। অভিযোগ ওঠার পর গতবছর ২৫ মে সবুজ আকনকে জেলা ছাত্রদলের সহ-সভাপতিসহ সব পর্যায়ের পদ থেকে সাময়িক বহিষ্কার করে কেন্দ্রীয় সংসদ। তবে বহিষ্কারের পরও তিনি ছাত্রদলের ব্যানারে বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়ে প্রভাব বিস্তারের চেষ্টা করেন বলে স্থানীয় সূত্রের দাবি। অভিযুক্ত সবুজ আকন বলেন, 'আমার বিরুদ্ধে মামলাটি ষড়যন্ত্রমূলকভাবে করা হয়েছে। আমাকে অভিযুক্ত করে চার্জশিট দেওয়া হয়েছে কিনা সে বিষয়েও আমি নিশ্চিত নই। খোঁজ নিয়ে দেখব।'

ভোলায় মায়ের সাথে

মামা মো. রাকিব বলেন, ফাহিম বদমেজাজি ছিল। গতকাল সন্ধ্যায় ঠুনকো বিষয় নিয়ে আমার বোন ফাহিমকে বকাঝকা করেছে। পরে ভাগিনা ফাহিম তার মায়ের বকাশুনে ঘর থেকে বেরিয়ে যায়। কিছুক্ষণ পর তার মাসহ অন্যান্য স্বজনরা তাকে খুঁজতে বের হলেও কোথাও পায়নি। একপর্যায়ে দেখতে পান বসতঘরের বাইরে গলায় ফাঁস দিয়ে ঝুলে আছে ফাহিম। এরপর খবর পেয়ে দ্রুত আমি সেখানে গিয়ে ফাহিমকে উদ্ধার করে চিকিৎসার জন্য ভোলা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। পরবর্তীতে পুলিশ তার মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। আমাদের কোনো অভিযোগ নেই। বিষয়টি নিশ্চিত করে ভোলা সদর মডেল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম বলেন, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় ইউডি মামলা দায়ের করা হয়েছে।

সমঝোতায় নেওয়া অর্থ চাঁদা

অলিখিত প্রথার মতো। তিনি বলেন, 'চাঁদা বলতে আমি সেটাকে বুঝি, যেটা কেউ দিতে চায় না বা দিতে বাধ্য করা হয়।' ঈদযাত্রায় রেলে কোনো হয়রানি চান না মন্ত্রী ঈদযাত্রায় রেলে কোনো হয়রানি চান না মন্ত্রী বাংলাদেশ-ভারত পুনরায় রেল চালুর বিষয়ে ১৫ দিনের মধ্যে সিদ্ধান্ত: রেলমন্ত্রীবাংলাদেশ-ভারত পুনরায় রেল চালুর বিষয়ে ১৫ দিনের মধ্যে সিদ্ধান্ত: রেলমন্ত্রী মন্ত্রী আরও বলেন, মালিক সমিতিগুলো যে অর্থ তোলে, তা সদস্যদের কল্যাণে ব্যয়ের কথা বলা হয়। তবে সেই অর্থের ব্যবহার নিয়ে বিতর্ক থাকতে পারে। বিভিন্ন সময়ে ক্ষমতাসীন দলের শ্রমিক সংগঠনের প্রভাব বেশি থাকে বলেও মন্তব্য করেন তিনি। যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন কোনো স্থানে বাইরে থেকে চাপ প্রয়োগ করে অর্থ আদায়ের সুযোগ নেই উল্লেখ করে মন্ত্রী বলেন, তবে মালিকেরা নিজেদের মধ্যে সমঝোতার ভিত্তিতে অর্থ সংগ্রহ করলে সেখানে কেউ বঞ্চিত হচ্ছে কি না বা অর্থের অপব্যবহার হচ্ছে কি না তা খতিয়ে দেখা হবে।

ঢাকা-বরিশাল মহাসড়কে

হয়েছে। মাদারীপুর সদর হাসপাতালের পুলিশ ইনচার্জ এএসআই আব্দুর রাজ্জাক দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহত দুইজনের মরদেহ হাসপাতালের মর্গে রাখা হয়েছে এবং আহতদের চিকিৎসা চলছে। দুর্ঘটনার পরপরই মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশ ও ফায়ার সার্ভিসের সহায়তায় দুর্ঘটনাকবলিত বাস দুটি সরিয়ে নিলে যান চলাচল স্বাভাবিক হয়। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে কাজ করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

পরিশুদ্ধ জীবনের সন্ধানে

নফস আমাদের ওপর আধিপত্য বিস্তার করে থাকে, কিন্তু রমজানের এই দিনগুলো আসে সেই নফসকে শিকলবন্দি করতে। পবিত্র কুরআনে মহান আল্লাহ ইরশাদ করেন, আর যে ব্যক্তি তার রবের সামনে দাঁড়ানোকে ভয় করে এবং নিজের নফসকে কুপ্রবৃত্তি থেকে নিবৃত্ত রাখে, নিশ্চয়ই জান্নাত হবে তার আবাস। (সূরা আন-নাজিআত: ৪০-৪১)। তাই রমজানের দীক্ষা হলো নিজের নফস বা কুপ্রবৃত্তির লাগাম টেনে ধরা। রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, প্রকৃত বীর সে নয় যে কুস্তিতে অন্যকে হারিয়ে দেয়, বরং প্রকৃত বীর সেই ব্যক্তি যে রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণ করতে পারে। (সহীহ বুখারী: ৬১১৪)। রোজা আমাদের সেই আত্মনিয়ন্ত্রণের শক্তি জোগায়। ক্ষুধার তীব্রতায় যখন শরীর নিস্তেজ হয়ে আসে, তখন মুমিনের রূহ শক্তিশালী হয় এবং সে অনুভব করতে পারে যে, তার অস্তিত্ব কেবল অন্ন আর পানীয়ের ওপর নির্ভরশীল নয়, বরং আল্লাহর জিকির ও সন্তুষ্টির ওপর নির্ভরশীল।পরিশেষে ২য় রমজানের এই মাহেন্দ্রক্ষণে আমাদের শপথ হোক আমরা যেন কেবল পেটের রোজা নয়, বরং চোখের, কানের এবং জিহ্বার রোজাও পূর্ণাঙ্গভাবে পালন করি। দিনের বেলার এই কৃচ্ছ্রসাধন যেন আমাদের ভেতরের আমিত্বকে চূর্ণ করে বিনয়ী এক মানুষে রূপান্তর করে। মহান আল্লাহ আমাদের এই প্রচেষ্টাকে কবুল করুন এবং আমাদের নফসকে পবিত্র করে জান্নাতের পথে চলার তৌফিক দান করুন, আমীন।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

বরিশালে সিটি মার্কেটে ভোক্তা

অস্থিরতা বা কৃত্রিম সংকট তৈরি না হয়, সে লক্ষ্যে আমরা নিয়মিত তদারকি করছি। ভোক্তাদের ন্যায্য দামে পণ্য নিশ্চিত করতে কঠোর অবস্থানে রয়েছে অধিদপ্তর। তিনি আরও জানান, রমজান মাস জুড়ে নগরীর বিভিন্ন পাইকারি ও খুচরা বাজারে ধারাবাহিক অভিযান চালানো হবে। কোনো ব্যবসায়ী অনিয়মে জড়িত থাকলে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। বাজারে অভিযান চলাকালে অনেক ক্রেতা সন্তোষ প্রকাশ করেন। তারা বলেন, নিয়মিত তদারকি থাকলে অযৌক্তিক মূল্যবৃদ্ধি কমবে এবং সাধারণ মানুষ স্বস্তি পাবে। সংশ্লিষ্টরা মনে করছেন, রমজানকে কেন্দ্র করে চাহিদা বাড়ার সুযোগে যাতে কেউ অতিরিক্ত মুনাফা না করতে পারে, সে জন্য প্রশাসনের এমন কার্যক্রম অব্যাহত রাখা জরুরি। নিয়মিত নজরদারি ও কঠোর আইন প্রয়োগের মাধ্যমেই বাজারে শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব হবে বলে মত তাদের।

বাকেরগঞ্জে অর্থ আত্মসাতের

করা হয়। মামলাটি আমলে নিয়ে আদালতের বিচারক তাদের বিরুদ্ধে সমন ইস্যু করেন। মামলার বাদী, বিদ্যালয়ের অভিভাবক সদস্য মো. মনিরুজ্জামান হাওলাদার বলেন, তিনি এবং সাবেক সভাপতি এইচ এম সোহাগের স্বাক্ষর না নিয়ে জালিয়াতির মাধ্যমে প্রধান শিক্ষক ও তার সহযোগী সহকারী শিক্ষক ব্যাংক থেকে কয়েক লক্ষ টাকা উত্তোলন করে আত্মসাৎ করেছেন। এ ঘটনায় আদালতে মামলা দায়ের করলে ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ তাদের সাময়িক অব্যাহতি (বরখাস্ত) দিয়েছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ম্যানেজিং কমিটির সভাপতি রুমানা আফরোজ বলেন, অর্থ আত্মসাতের অভিযোগে অভিভাবক সদস্যের মামলায় আদালত প্রধান শিক্ষক আনিসুর রহমান হাওলাদার ও সহকারী শিক্ষক নসরুল আমিন গাজীর বিরুদ্ধে সমন ইস্যু করেছেন। সরকারি কৌশুলীর প্রতিবেদন সাপেক্ষে তাদের দুইজনকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২৫ এর অনুচ্ছেদ-১৯ মোতাবেক বরখাস্ত (সাময়িক অব্যাহতি) করা হয়েছে। একই সঙ্গে বিদ্যালয়ের সিনিয়র সহকারী প্রধান শিক্ষক নীলিমা আক্তারকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়া হয়েছে। এ ব্যাপারে জানতে চাইলে সাময়িক অব্যাহতিপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. আনিছুর রহমান হাওলাদারকে একাধিক কল দিলেও তিনি ফোন রিসিভ করেননি।

আমতলীতে জমি নিয়ে সংঘর্ষে

চাষাবাদ করতে গেলে আব্দুল খালেক চৌকিদার বাধা দেন। এ নিয়ে উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়ে এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। দফায় দফায় সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ২০ জন আহত হন। আহতদের মধ্যে আব্দুল খালেক চৌকিদার (৫৫), ইমরান চৌকিদার (২০), মালেক চৌকিদার (৫৫), ফরিদ গাজী (৪৮), নুর জাহান (৩৫), আব্দুস সালাম (৩৮), শারমিন (৩০), রুমা (২১), মাকসুদা (৩০), রহমান আকন (৫০), রফিক আকন (৪০), শহিদুল (৪৫), জাহানারা (৪০), মহিবুল্লাহ (২৬) ও ইউসুফ আকন (৬০)সহ আরও কয়েকজন রয়েছেন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত আবাসিক মেডিকেল অফিসার ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান গুরুতর আহত আব্দুল খালেক চৌকিদার, মালেক চৌকিদার, ইমরান চৌকিদার, ফরিদ গাজী, মহিবুল্লাহ, রহমান আকন, রফিক আকন ও শহিদুল আকনকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শেবাচিম হাসপাতালে প্রেরণ করেন। অন্য আহতদের আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। আহত আব্দুল খালেক চৌকিদার অভিযোগ করে বলেন, তার নিজস্ব জমিতে চাষাবাদ করতে বাধা দিলে রহমান আকনের লোকজন ধারালো অস্ত্র দিয়ে হামলা চালায় এবং কয়েক দফায় তাকে ও তার লোকজনকে কুপিয়ে গুরুতর আহত করে। তিনি আরও বলেন, জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ ফোন করা হলেও পুলিশ ঘটনাস্থলে পৌঁছাতে বিলম্ব করে। অন্যদিকে রহমান আকন অভিযোগ করে বলেন, তিনি জমিতে চাষাবাদ করতে গেলে আব্দুল খালেক চৌকিদারের লোকজন তাদের ওপর হামলা চালিয়ে তাকে ও তার পক্ষের আরও কয়েকজনকে আহত করে। আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান বলেন, আহতদের প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হয়েছে এবং গুরুতর আহত ৮ জনকে উন্নত চিকিৎসার জন্য বরিশালে পাঠানো হয়েছে। আমতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের নজরদারি জোরদার করা হয়েছে।

পটুয়াখালীতে পুরো রমজানে

স্বজনরা নির্বিঘ্নে রোজা পালনের সুযোগ পাচ্ছেন। সরেজমিনে গিয়ে দেখা যায়, প্রতিদিন রাত আনুমানিক দুইটার দিকে একটি হোটেলের সহযোগিতায় সেহরির রান্নার কাজ শুরু হয়। রান্না শেষে মুরগির মাংস, সাদা ভাত, ডাল ও সবজি ভ্যানগাড়িতে করে নিজেরা বহন করে নিয়ে যাওয়া হবে হাসপাতালের সামনে। সেহরির সময় রোগী ও তাদের স্বজনদের ডেকে বাটি কিংবা প্লেটে সুশৃঙ্খলভাবে খাবার পরিবেশন করা হয়। কমলাপুর থেকে আগত রোগীর স্বজন মুসলিমা বেগম বলেন, রাতের বেলায় শহরের ভাতের হোটেলগুলো বন্ধ থাকায় সেহরি খাওয়ার সুযোগ পান না অনেকেই। ফলে না খেয়েই কিংবা শুধু পানি পান করে কষ্ট করে রোজা রাখতে হয়। এমন পরিস্থিতিতে এই সেহরি কার্যক্রম তাদের জন্য বড় স্বস্তি হয়ে এসেছে। আয়োজক যুবদল নেতা মোস্তাফিজুর রহমান রুমি বলেন, বিএনপি মানুষের জন্য রাজনীতি করে। আমাদের নেতা তারেক রহমানের নির্দেশে মানুষের পাশে দাঁড়ানোই আমাদের লক্ষ্য। হাসপাতালে রোগীর স্বজনরা যেন না খেয়ে রোজা রাখতে বাধ্য না হন, সেই চিন্তা থেকেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। রমজান মাসজুড়ে এই সেহরি কার্যক্রম অব্যাহত থাকবে।

গণভোটে রাজি না হলে নির্বাচন দিত

দেশ এখনো এ ধরনের (গণভোটের) ব্যবস্থার জন্য প্রস্তুত নয়। যে পদ্ধতিতে এই গণভোটের প্রচার চালানো হয়েছে, তার মধ্যেও নানাবিধ বিভ্রান্তি রয়েছে।

কাউখালীতে আইন শৃঙ্খলা

চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, শিয়ালকাঠী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গাজী সিদ্দিকুর রহমান, কাউখালী প্রেস ক্লাবের সভাপতি রিয়াদ মাহমুদ সিকদার, দক্ষিণ বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক শোয়াইব সিদ্দিকী, ব্যবসায়ী মোঃ সালাউদ্দিন, পলাশ সাহা, সঞ্জীব কুণ্ডু প্রমুখ। এসময় ব্যবসায়ীদের উদ্দেশ্যে উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান বলেন, বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণ রাখতে হবে। যদি কোন ব্যবসায়ী সিন্ডিকেট তৈরি করে দ্রব্যমূল্যর দাম বাড়িয়ে বিক্রি করে তাহলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে। প্রতি দোকানে মূল্য তালিকা টানানো থাকবে। তিনি আরো বলেন বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করা হবে।

রমজানে বরিশালে নিত্যপণ্যে

বিক্রী হচ্ছে। যা গত বছরও ১২০-১৩০টাকা কেজিতে বিক্রী হয়েছে। রমজানের অন্যতম প্রধান অনুসঙ্গ খেজুরের দামও কিছুটা কম রয়েছে। মধ্যম-ভাল মানের খেজুর এবার কেজি ৫শ টাকার মধ্যে রয়েছে। তবে ভোজ্যতেল এখনো সারা দেশের মত বরিশালের মানুষকেও কষ্ট দিচ্ছে। প্রতি লিটার সয়াবিন তেলের দাম ১৯৫ টাকা। কোন কোন স্থানে তা ২শ টাকা লিটারেও বিক্রী হচ্ছে। রাষ্ট্রীয় বানিজ্য সংস্থা-টিসিবি এবারো রমজানের আগের দিন থেকে বরিশাল অঞ্চলে প্রতিদিন ৪০টি ট্রাকে ১৬ হাজার মানুষের মাঝে ১১৫ টাকা দরে ২ লিটার করে ভোজ্য তেল বিক্রী করছে। পাশাপাশি ৮০ টাকা দরে ১ কেজি চিনি, ১৬০ টাকা দরে ৫শ গ্রাম খেজুর ও ৭০ টাকা দরে দুই কেজি করে মুসুর ডালও বিক্রী করছে। ৭০ টাকা দরে ১ কেজি ছোলা বুট'ও পাচ্ছেন ভোক্তাগন। এর বাইরে আরো প্রায় ৪ লাখ ৩২ হাজর ফেমিলি কার্ডধারীও প্রতিমাসে ৩০ টাকা কেজি দরে ৫ কেজি চাল ছাড়াও ১০৫ টাকা লিটারে ২ লিটার সয়াবিন বা রাইস ব্রান অয়েল, ৭০ টাকা কেজি দরে দুই কেজি চিনি, ১৬০টায় ১ কেজি খেজুর ও ৬০ টাকায় ১ কেজি ছোলা বুট পাবেন কার্ডধারীগন। চলতি মাসে মধ্যেই এসব পণ্য কার্ডধারীদের মাঝে বিতরন করা হবে বলে বরিশালে টিসিবি'র ভারপ্রপ্ত কর্মকর্তা জানিয়েছেন। ঈদের আগে পর্যন্ত প্রতিদিন ৪০টি ট্রাকে ১৬ হাজার করে মানুষের মাঝে এসব পণ্য বিক্রী ছাড়াও মার্চ মাসেও ফেমেলি কার্ডধারীগন আরো একবার চাল ও ভোজ্যতেল সহ নির্ধারিত নিত্যপণ্য সুমহ পাবেন বলে জানা গেছে। চাহিদার তুলনায় কম হলেও টিসিবি'র এ কার্যক্রম নিত্যপণ্যের বাজারের ঊর্ধ্বমুখি প্রবনতাকে আটকাতে সক্ষম হচ্ছে বলে মনে করছেন বাজার পর্যবেক্ষকগন। পাশপাশি খাদ্য বিভাগ থেকেও বরিশাল অঞ্চলে খোলা বাজারে ৩০ টাকা কেজি দরে প্রতিদিন ৯২ টন চাল ও ২৪ টাকা দরে ৫৬ টন আটা বিক্রী করা হচ্ছে। প্রতিদিন প্রায় সাড়ে ১৮ হাজার মানুষ চাল ও সাড়ে ১১ হাজার জন আটা পচ্ছেন। ফলে এবারের রমজানে বরিশালের চালের বাজারের ঊর্ধ্বমুখি প্রবনতাও কিছুটা নিম্নমুখি রয়েছে। তবে এসব কিছুর মধ্যেও অতীত প্রথা অনুযায়ী রমজানের শুরুতে বেগুন,শশা, লেবু আর কাঁচা মরিচের দাম কিছুটা বেড়েছে। বরিশালের বাজারে ৮০ টাকা কেজি দরে বেগুন ও শশা বিক্রী হচ্ছে। মাঝারী সাইজের লেবু বিক্রী হচ্ছে ৪০-৬০ টাকা হালি। আর কাঁচা মরিচের কেজি এখন দেড়শ টাকার ওপরে। পাইকারী আড়তদারদের মতে, নির্বাচনের জন্য বেশ কয়েকদিন ট্রাক চলাচল বন্ধ থাকয় পণ্যের চালান সিমিত থাকার পাশাপাশি রোজাকে পুজি করেও উৎপাদক পর্যায়েই দাম বেড়েছ। আগামী সপ্তাহের শুরুতেই পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়ে যাবে বলেও আশা করছেন আড়তদারগন। তবে এসব পণ্য সহ বরিশালের সবজির বাজারেও আড়ত ও খোলাবাজারে পণ্যমূল্য এখনো আকাশ-পাতাল তফাত। রোজাকে কেন্দ্র করে মাছের বাজারও কিছুটা ঊর্ধ্বমুখি। গরুর গোসতের দাম নতুনকরে না বাড়লেও কেজি সাড়ে ৭শ টাকার ওপরে। ব্রয়লার মুরগি ১৯০ টাকা। সোনালী ২৮০ টাকায় বিক্রী হচ্ছে।

এক মাসে সড়কে ঝরল

উদ্বেগজনক চিত্র। ৯টি জাতীয় দৈনিক, ৭টি অনলাইন নিউজ পোর্টাল, বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া এবং নিজস্ব তথ্যের ভিত্তিতে তারা এ প্রতিবেদন প্রকাশ করেছে। প্রতিবেদন অনুযায়ী, নিহতদের মধ্যে নারী ৬৮ জন ও শিশু ৫৭ জন। এছাড়া ২০৮টি মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন ১৯৬ জন, যা মোট নিহতের ৪০ দশমিক ২৪ শতাংশ। এই সময়ে ৪টি নৌ-দুর্ঘটনায় ৬ জন নিহত ও ৭ জন আহত হয়েছেন। এছাড়া ৪১টি রেল ট্র্যাক দুর্ঘটনায় ৩২ জন নিহত এবং ১৭ জন আহত হয়েছেন। যানবাহনভিত্তিক নিহতের পরিসংখ্যানে দেখা যায়, মোটরসাইকেল চালক ও আরোহী ১৯৬ জন; বাসের যাত্রী ২১ জন; ট্রাক, কাভার্ডভ্যান, পিকআপ ও ট্রাক্টরের আরোহী ২৮ জন; প্রাইভেটকার, মাইক্রোবাস, অ্যাম্বুলেন্স ও জিপের আরোহী ৯ জন; থ্রি-হুইলার যাত্রী ৭৭ জন; স্থানীয়ভাবে তৈরি যানবাহনের যাত্রী ১৩ জন এবং বাইসাইকেল আরোহী ১১ জন নিহত হয়েছেন। দুর্ঘটনার ধরন বিশ্লেষণে দেখা গেছে, ১৩৫টি মুখোমুখি সংঘর্ষ, ২০৯টি নিয়ন্ত্রণ হারিয়ে, ১৩৭টি পথচারীকে চাপা বা ধাক্কা দিয়ে, ৭২টি যানবাহনের পেছনে আঘাত এবং ৬টি অন্যান্য কারণে ঘটেছে। সড়কের ধরন অনুযায়ী, ১৫৬টি জাতীয় মহাসড়কে, ২০৭টি আঞ্চলিক সড়কে, ৮৫টি গ্রামীণ সড়কে, ১০৩টি শহরের সড়কে এবং ৮টি অন্যান্য স্থানে দুর্ঘটনা ঘটেছে। দুর্ঘটনায় সম্পৃক্ত যানবাহনের সংখ্যা ছিল ৮৮৫টি। এর মধ্যে বাস ১০৮টি, ট্রাক ১৪৪টি, কাভার্ডভ্যান ১৬টি, পিকআপ ৩২টি, ট্রাক্টর ২১টি, মোটরসাইকেল ২১৭টি, থ্রি-হুইলার ১৬৪টি, স্থানীয়ভাবে তৈরি যানবাহন ৩৫টি, বাইসাইকেল ৮টি, রিকশা ১১টি এবং অজ্ঞাত যানবাহন ৪৮টি। বিভাগভিত্তিক পরিসংখ্যানে ঢাকা বিভাগে সবচেয়ে বেশি ১৪৩টি দুর্ঘটনায় ১১৯ জন নিহত হয়েছেন। বিপরীতে সিলেট বিভাগে সবচেয়ে কম ২৪টি দুর্ঘটনায় ১৮ জন নিহত হয়েছেন। রাজধানী ঢাকায় ২৬টি দুর্ঘটনায় ১৮ জন নিহত ও ৪১ জন আহত হয়েছেন। নিহতদের পেশাগত পরিচয়ের মধ্যে পুলিশ সদস্য ২ জন, শিক্ষক ১৩ জন, চিকিৎসক ২ জন, সাংবাদিক ৬ জন, আইনজীবী ৪ জন, ব্যাংক ও বীমা কর্মকর্তা-কর্মচারী ১১ জন, এনজিও কর্মী ১৯ জন, রাজনৈতিক দলের নেতাকর্মী ২৭ জন, ব্যবসায়ী ২১ জন, বিক্রয় প্রতিনিধি ২৬ জন, পোশাক শ্রমিক ৯ জন, নির্মাণ শ্রমিক ৬ জন, প্রতিবন্ধী ৩ জন এবং শিক্ষার্থী ৫৭ জন রয়েছেন। প্রতিবেদনে সড়ক দুর্ঘটনার প্রধান কারণ হিসেবে ত্রুটিপূর্ণ যানবাহন ও সড়ক, বেপরোয়া গতি, চালকদের অদক্ষতা, কর্মঘণ্টা ও বেতন নির্ধারিত না থাকা, মহাসড়কে স্বল্পগতির যান চলাচল, ট্রাফিক আইন না মানা, দুর্বল ট্রাফিক ব্যবস্থাপনা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর সক্ষমতার ঘাটতি এবং গণপরিবহনে চাঁদাবাজিকে উল্লেখ করা হয়েছে। প্রতিবেদনে দক্ষ চালক তৈরির উদ্যোগ বৃদ্ধি, চালকদের বেতন ও কর্মঘণ্টা নির্ধারণ, বিআরটিএ'র সক্ষমতা বৃদ্ধি, ট্রাফিক আইনের প্রয়োগ নিশ্চিত করা, মহাসড়কে সার্ভিস রোড নির্মাণ, রোড ডিভাইডার নির্মাণ, গণপরিবহনে চাঁদাবাজি বন্ধ, রেল ও নৌপথ উন্নয়ন এবং সড়ক পরিবহন আইন-২০১৮ বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে।

পটুয়াখালী থেকে বিক্রি হবে

মাঠ পরিদর্শনে দেখা গেছে, অনেক ক্ষেতে আগাম ফলন এসেছে। আসন্ন রমজানকে সামনে রেখে কৃষকেরা অধিক লাভে এ তরমুজগুলো বিক্রির আশায় রয়েছেন। দেখা যায়, বর্তমানে পেশাদার কৃষকদের পাশাপাশি শিক্ষিত তরুণরাও ঝুঁকছেন এই লাভজনক চাষে। পটুয়াখালী সদর উপজেলার মাদারবুনিয়া ইউনিয়নের তরুণ তরমুজ চাষি মো. বেলাল মৃধা জানান, আমি একটা কীটনাশক কোম্পানিতে চাকরি করতাম। কীটনাশক প্রয়োগের নানা পরামর্শের পাশাপাশি আমিও প্রায়ই চাষিদের কাছ থেকে তরমুজ চাষের প্রক্রিয়া সম্পর্কে ধারণা নিতাম। এ বছর চাকরি ছেড়ে এসে নিজেই তরমুজের চাষ করছি। অন্যান্য জায়গায় পুরোপুরি তরমুজের ফলন আসতে আরও প্রায় মাসখানেক সময় বাকী কিন্তু আমার গাছগুলাতে তরমুজ এখনই বড় হয়ে গেছে। তিনি আরও বলেন, ৮-১০ রমজানের দিকেই এগুলা বেঁচতে পারব। এখানে আমি প্রায় ৯ কানি জমিতে তরমুজ চাষ করছি এবং আগাম জাত আছে এর মধ্যে দেড় কানি জমি। প্রায় সাড়ে ৪ লাখ টাকা খরচ করছি। আশা করছি , ১৪-১৫ লাখ টাকার মত বিক্রি করতে পারব। বেলালের ভাই জাফর মৃধা জানান, 'হারাদিন আমরা এই ক্ষ্যাতে কাম করছি। এহন এই গাছে সুন্দর সুন্দর তরমুজ দেখে মন খুশিতে ভইরা গ্যাছে। এইগুলা আমরা বেইচ্চা দিমু আর পাশে আরও ২ডা প্রজেক্ট করছি। এহন হারাদিন ওইগুলায় কাম করি। তরমুজ হইছে ভাইগ্যের খেলা। ভাইগ্যে থাকলে মানি আবহাওয়া ভালো থাকলে কোটিপতি হওয়া যায় আর ভাগ্যে না থাকলে সব শেষ।' আরেক চাষি আফজাল হোসেন বলেন, 'সিজনাল এ ফল চাষে খুবই ভালো লাগে, লাভজনকও। এইজন্য আমরা ধানের ফলনের পর ডাল মরিচ চাষ না করে বর্তমানে তরমুজ চাষ করি। আমাগো অঞ্চলের তরমুজগুলা বেশি সু-স্বাদু। এগুলার মধ্যে শুধু লাল আর লাল। আমাগো দেখাদেখি আরও অনেকে তরমুজ চাষ করতেছে।' পটুয়াখালী সদর, গলাচিপা, দশমিনা, বাউফল, রাঙ্গাবালী ও মির্জাগঞ্জ উপজেলায় সবচেয়ে বেশি চাষ হয় তরমুজের। বর্তমানে তরমুজ উৎপাদনে বাংলাদেশের মধ্যে শীর্ষ জেলা পটুয়াখালী। এখানকার তরমুজ যেমন স্বাদে অতুলনীয়, তেমনি এর আকৃতিও বিশাল। এখানকার একেকটি তরমুজ প্রায় ২০-২২ কেজি ওজনকেও ছাড়িয়ে যায়। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে, এ বছর তরমুজের উৎপাদন, পরিবহন ও বীজের খরচসহ সংশ্লিষ্ট কর্মযজ্ঞকে ঘিরে প্রায় ৩০০ কোটি টাকার বাণিজ্য হবে পটুয়াখালী জেলায়। এরমধ্যে শুধু উৎপাদিত তরমুজই বিক্রি হবে ২০০ কোটি টাকায়। গত বছর জেলায় ২৭ হাজার ৩ শত ৫০ হেক্টর জমিতে তরমুজের আবাদ হলেও এ বছর আবাদ হচ্ছে প্রায় ৩৪ হাজার ৪শ ৮০ হেক্টর জমিতে তরমুজের চাষ হচ্ছে। যা গত বছরের তুলনায় প্রায় আরও এক তৃতীয়াংশ বৃদ্ধি পেয়েছে। তবে এর পরিমাণ আরও বাড়তে পারে বলেও জানিয়েছে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। তরমুজ সাধারণত দোআঁশ মাটি ও বেলে দোআঁশ মাটিতে ভালো জন্মায়। মূলত আবহাওয়ার অনুকূল অবস্থা, নদীবেষ্টিত অঞ্চল হাওয়ায় বছরের প্রায় অর্ধেক সময় ধরে ফসলের মাঠ পানির নিচে তলিয়ে থাকা ও বিভিন্ন জায়গায় নদীর পানির ওঠানামায় মাটির ওপর সৃষ্ট পলির ফলে এখানকার মাটিতে প্রাকৃতিকভাবেই তরমুজের বাম্পার ফলন হয়। এতে খুব কম সার দিয়েও ভালো ফলন পাওয়া যায়। বর্তমানে জোলার স্থানীয়রা বেশিরভাগই মৌসুমী তরমুজ চাষে আগ্রহী হচ্ছেন। পটুয়াখালী জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. মো. আমানুল ইসলাম বলেন, জেলায় গত বছরগুলোর তুলনায় এ বছর তরমুজ চাষের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এ বছর তরমুজকে ঘিরে জেলায় প্রায় ৩০০ কোটি টাকার বাণিজ্য হবে বলে আমরা ধারণা করছি। আমরা চাষিদেরকে বিভিন্ন সময়ে নানা পরামর্শ দিয়ে আসছি। বর্তমানে অতি কুয়াশার কারণে তরমুজের যে পাতা পচা রোগ তা নিরসনেও আমরা কৃষকদের বিভিন্ন ধরনের স্প্রে দেওয়ার পরামর্শ দিয়ে যাচ্ছি। এছাড়াও অতি গরমে যাতে তরমুজ ফেটে না যায় এজন্যও কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছি। কৃষকদের বিভিন্ন প্রযুক্তিগত কৃষি ব্যবস্থাপনায় বিভিন্ন উঠান বৈঠকের মাধ্যমে পরামর্শ দিয়ে যাচ্ছি। এক্ষেত্রে মাঠ লেভেলে আমাদের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সবসময় আমাদের তরমুজ দের পাশে আছেন। সব মিলিয়ে অনুকূল আবহাওয়া ও বাজার পরিস্থিতি ভালো থাকলে চলতি মৌসুমে পটুয়াখালীর তরমুজ চাষিরা অর্থনৈতিকভাবে আরও শক্ত অবস্থানে পৌঁছাবেন এমনটাই তাদের প্রত্যাশা

কুয়াকাটায় দোকানে হামলা-ভাঙচুর

হাওলাদার মহিপুর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। মনিরুল হাওলাদার জানান, প্রকাশ্যে দিবালোকে দোকানে ঢুকে ভাঙচুর করা হয়। দোকানের ম্যানেজার হাসানকে পিটিয়ে জখম করা হয়। ক্যাশে থাকা ২২ হাজার টাকা ছিনিয়ে নেওয়ায় তিনি প্রথমে জরুরি সেবা ৯৯৯-এ কল করেন। মহিপুর থানা পুলিশ গেলে সন্ত্রাসীরা সটকে পড়েন। পরবর্তীতে এ ঘটনায় জড়িত কুয়াকাটার হুইচ্যানপাড়া মহল্লার মাকসুদ আকন, শাহীন মুসল্লী ও মোঃ রহিমের নাম উল্লেখ অজ্ঞাত ৫/৬ জনকে আসামি করে লিখিত অভিযোগ দিয়েছেন। মনিরুল হাওলাদার বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছেন। মনিরুল দাবি করেন এই তিনজনের মধ্যে একজন স্বেচ্ছাসেবক দলের নেতা। অভিযুক্ত মাকসুদ আকনের নম্বরে কল করলে বন্ধ পাওয়া গেছে। কুয়াকাটা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মতিউর রহমান হাওলাদার জানান, ওই জমির মালিকানা নিয়ে বিরোধ রয়েছে। তারপরও কারো দোকানে হামলা-ভাঙচুর করা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি ঘটনাস্থলে গিয়ে বিষয়টি দেখবেন। পরবর্তীতে দলের নেতৃবৃন্দকে অবহিত করা হবে। কোন অপরাধীকে প্রশ্রয় দেওয়ার সুযোগ নেই। আর অভিযুক্ত মাকসুদ আকন স্বেচ্ছাসেবক দলের একজন সমর্থক বলে এই নেতা জানান। মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মহব্বত খান জানান, তিনি শুনেছেন ওই জায়গার মালিকানা নিয়ে বিরোধ রয়েছে। তবে এ ঘটনার পরে থানার একজন কর্মকর্তাকে লিখিত অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ নেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

বাজার স্থিতিশীল রাখতে

করেন অতিরিক্ত জেলা প্রশাসক। একই সঙ্গে বাজার দখলমুক্ত করতে ফুটপাত ও বাজারের জায়গায় যেসব অবৈধ স্থাপনা গড়ে তোলা হয়েছে তার মধ্যে কয়েকটি উচ্ছেদ করা হয়। বাকিগুলোর মালিকদের নিজ দায়িত্বে তাদের অবৈধ স্থাপনা সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়।এদিকে প্রশাসনের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন স্থানীয় ক্রেতারা। মাঝে মাঝে বাজার তদারকি হলে দ্রব্যমূল্যের স্থিতিশীলতা বজায় থাকবে এবং মানুষ স্বস্তিতে রমজানের বাজার করতে পারবে বলে জানান ক্রেতারা। বাজার তদারকি শেষে সাংবাদিকদের উদ্দেশে বলেন, আমরা জেলা প্রশাসকের নির্দেশে বাজার মনিটরিং করছি। আমরা বেশ কিছু অসংগতি লক্ষ করেছি। ব্যবসায়ীরা তাদের প্রতিষ্ঠানে মূল্য তালিকা টানিয়ে রাখেনি। এছাড়াও অবৈধভাবে ফুটপাত দখল করে ব্যবসা চালিয়ে যাচ্ছে। ভোক্তারা যেনো ন্যায্য মূল্যে পণ্য ক্রয় করতে এজন্য রমজান মাস জুড়ে বাজার মনিটরিং অব্যাহত থাকবে। অভিযানে অংশ নেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মামুনুর রশীদ, সহকারী কমিশনার (ভূমি) এসএম আল আমিন সহ সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী নেতৃবৃন্দ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য।

মঠবাড়িয়ায় ৪ কোটি টাকার সেতু

(এলজিইডি) অর্থায়নে সেতু নির্মাণের কাজ পায় টিএন অ্যান্ড এএসআই লিমিটেড নামের ঠিকাদারি প্রতিষ্ঠান। চুক্তি অনুযায়ী সেতুটির কাজ শুরু হওয়ার কথা ছিল ২০২০ সালের ডিসেম্বরে, যা শেষ করার কথা ২০২১ সালের ডিসেম্বরে। কিন্তু পাঁচ বছরেও কাজ শেষ করতে পারেনি ঠিকাদারি প্রতিষ্ঠানটি। পারাপারের জন্য যে বিকল্প সাঁকো করা হয়েছে সেটিও অনেক ঝুঁকিপূর্ণ। নিরুপায় হয়ে শিশু ও বৃদ্ধরা পারাপারের সময় পড়ে আহত হয়েছেন অনেকে। এলাকাবাসীর দাবি সেতুটির কাজ অতিদ্রুত শেষ করে দুর্ভোগ লাগব করা হোক। স্থানীয় বাসিন্দা সোলায়মান মাঝি বলেন, গত কয়েক বছর ধরে আমরা চরম ভোগান্তিতে আছি। বাইশকুরা খালের উপর যে সেতুটি হওয়ার কথা ছিল সেটি না হওয়ায় আমাদের ৮ থেকে ১০ কিলোমিটার পথ ঘুরে চলাচল করতে হয়। আমাদের এলাকায় কোনো গাড়ি ঢুকতে পারে না। ফলে আমরা চরম ভোগান্তিতে আছি। কোনো মানুষ মারা গেলে তাদের জরুরি দাফন-কাফনের ব্যবস্থা করা এবং লাশ পরিবহনে মারাত্মক সমস্যা হয়। আমরা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি তারা যেন দ্রুত এই সমস্যার সমাধান করে। এই সড়ক দিয়ে চলাচলকারী হাজার হাজার মানুষের কষ্ট লাঘবের জন্য তারা যেন উদ্যোগ নেয়। মঠবাড়িয়া উপজেলা এলজিইডির প্রকৌশলী মো. জিয়ারুল ইসলাম বলেন, ব্রিজটির কাজ ২০২০ সালে শুরু হয়ে ২০২১ সালের ডিসেম্বরে কাজ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু কিছু জটিলতার কারণে কাজটি শুরু করতে দেরি হয়। কাজটি সম্পন্ন করতে ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করা হলেও কোনো সাড়া মেলেনি। এখন রি-টেন্ডারের প্রক্রিয়া চলমান। মঠবাড়িয়া উপজেলা এলজিইডির প্রকৌশলীর দেয়া তথ্যমতে, ৩৭ মিটার দৈর্ঘ্য সেতু নির্মাণে ৩ কোটি ৬১ লাখ ৬১ হাজার ৫৮৬ টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল।

সোনারগাঁও টেক্সটাইল মিলে

ফুল দিতে যাই। এই বিষয়টি ম্যানেজমেন্ট মালিকপক্ষের নিকট অভিযোগ করলে শ্রমিক অধিদপ্তর একটি দ্বিপাক্ষিক বৈঠকে মাধ্যমে মীমাংসা করে দেয়। আমরাও কাজে যোগদান করি কিন্তু পরে ম্যানেজমেন্ট একটা মনগড়া তদন্ত কমিটি গঠন করে তাদের মাধ্যমে আমাকে ও যুগ্ন সা. সম্পাদক খুকুমণিকে সাসপেন্ড করে। তাই এই বেআইনি পদক্ষেপের প্রতিবাদে সাধারণ শ্রমিকেরা আন্দোলন করে যাচ্ছে আজ পাঁচ দিন। এর সুন্দর সুরাহা না হলে শ্রমিকেরা আন্দোলন করে দাবি আদায় করেই কাজে ফিরবে।

আগৈলঝাড়ায় ইয়াবা বিক্রেতাকে

হয়ে থানায় মামলা দায়ের করেছেন। তবে আটকের পর মাদক বিক্রেতা শাহাদাত হোসেন পীযুষ জানিয়েছেন, গৌরনদী উপজেলার টরকী বাসস্ট্যান্ড এলাকার জনৈক এক ব্যক্তির কাছ থেকে তিনি এসব ইয়াবা সংগ্রহ করেছেন। স্থানীয়রা বিষয়টি খতিয়ে দেখে টরকী বাসস্ট্যান্ড এলাকার জনৈক ওই ব্যক্তির বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

রমজান হোক নিজেদের আমল

তা আল্লাহর দরবারে কষ্মিনকালেও কবুল হবে না। সহমর্মিতা, আত্মশুদ্ধি ও ত্যাগের উপলব্ধির মাধ্যমে আল্লাহর কাছে ক্ষমার জন্য বান্দাকে রমাদ্বানের দিবস ও রজনীগুলো অতিবাহিত করা আমাদের সকলের কর্তব্য। ১৯ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ইফতারের পূর্বে বরগুনা জেলার আমতলী উপজেলাধীন আমড়াগাছিয়া খানকায়ে ছালেহিয়া কমপ্লেক্সে ছারছীনা শরীফের কুতুবুল আলম আল্লামা শাহ্সূফী নেছারুদ্দীন আহমদ (রহঃ) এর ৭৪তম, মুজাদ্দেদে যামান শাহ্সূফী হযরত মাওলানা আবু জাফর মোহাম্মদ ছালেহ (রহঃ) এর ৩৬তম ও বাহরে শরীয়ত শাহ্সূফী হযরত মাওলানা মোহাম্মদ মোহেব্বুল্লাহ (রহঃ) এর ২য় তম ইন্তেকাল বার্ষিকী উপলক্ষে তিনদিনব্যাপী ঈছালে ছওয়াব ওয়াজ মাহফিলের ২য় দিন একথা বলেন। তিনদিনব্যাপী মাহফিলে প্রত্যহ বাদ ফজর ও মাগরীব হযরত পীর ছাহেব কেবলা জিকিরের তা'লীম পরিচালনা করেন। এছাড়াও হযরত পীর ছাহেব কেবলার সফরসঙ্গী ও ছেলছেলার গুরুত্বপূর্ণ ওলামায়ে কেরামগণ বিষয়ভিত্তিক আলোচনা করেন। ২০ ফেব্রুয়ারি রোজ শুক্রবার বাদ জুময়া দেশ, জাতি ও মুসলিম উম্মাহর সার্বিক কল্যাণ ও শান্তি কামনা করে তিনদিনব্যাপী মাহফিলের আখেরী মুনাজাত অনুষ্ঠিত হবে।

দ্রুত স্বাভাবিক হতে পারে

চালুর জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) বিকেলে সিলেট জেলা প্রেস ক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। অনিরুদ্ধ দাস বলেন, বর্তমানে মেডিকেল ও ডাবল এন্ট্রি ভিসা চালু থাকলেও পর্যটনসহ অন্যান্য ক্যাটাগরির ভিসা বন্ধ রয়েছে। তবে এসব ভিসা পুনরায় চালুর জন্য জোরালো উদ্যোগ নেওয়া হয়েছে। সব ধরনের ভারতীয় ভিসা কার্যক্রম দ্রুতই স্বাভাবিক পর্যায়ে ফিরে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি আরও বলেন, গণঅভ্যুত্থানের পর থেকে বাংলাদেশিদের জন্য ভিসা কার্যক্রম সীমিত করা হয়। মেডিকেল ভিসা ছাড়া অধিকাংশ ভিসা বন্ধ রয়েছে। তবে বাংলাদেশে নতুন সরকার গঠনের পর পরিস্থিতির উন্নতির সঙ্গে সঙ্গে ভিসা কার্যক্রম স্বাভাবিক হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। দুই দেশের সম্পর্ক প্রসঙ্গে সহকারী হাইকমিশনার বলেন, ভারত ও বাংলাদেশের সম্পর্ক পারস্পরিক শ্রদ্ধা ও সম্মানের ভিত্তিতে প্রতিষ্ঠিত। দুই দেশের জনগণই এই ইতিবাচক ও দীর্ঘমেয়াদি সম্পর্কের মূল অংশীদার। ঐতিহাসিকভাবে দুই দেশের সংস্কৃতি ও ঐতিহ্যের মধ্যে গভীর সম্পর্ক রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

সামরিক বাহিনী ও সরঞ্জাম চুক্তি নিয়ে

অর্জনের সুযোগ পাবে বলে জানান ট্রাম্প। বুধবার (১৮ ফেব্রুয়ারি) লেখা এই চিঠিতে প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানের সফলতাও কামনা করেছেন মার্কিন প্রেসিডেন্ট। ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, 'আশা করি আপনি দুই পক্ষের মধ্যে হওয়া বাণিজ্য চুক্তি বাস্তবায়নের মাধ্যমে আমাদের সম্পর্কের অসাধারণ অগ্রযাত্রা বজায় রাখবেন। এতে উভয় দেশেরই কৃষক-শ্রমিক লাভবান হবেন। একই সঙ্গে আশা করি, আপনি দ্রুত পদক্ষেপ নিয়ে নিয়মিত প্রতিরক্ষা চুক্তিগুলো সম্পন্ন করবেন, এতে আপনার সামরিক বাহিনী বিশ্বের সেরা সরঞ্জাম অর্জনের সুযোগ পাবে।' তিনি আরও লেখেন, 'আমি আমেরিকা ও বাংলাদেশের সম্পর্ককে আগের যেকোনো সময়ের চেয়ে আরও বেশি শক্তিশালী করতে আপনার সঙ্গে কাজ করার প্রত্যাশা করছি। বাংলাদেশে নিযুক্ত আমার রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন আমার পূর্ণ আস্থাভাজন। আমরা একসঙ্গে আমাদের উভয় দেশের সমৃদ্ধি ও নিরাপত্তা আরও বাড়ানোর সুযোগ পেয়েছি। আগামী দিনের জন্য আপনাকে শুভকামনা।' এর আগে নির্বাচনের ফলাফল ঘোষণার পর যুক্তরাষ্ট্রের ঢাকাস্থ দূতাবাস ও রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন সরাসরি অভিনন্দন জানিয়েছিলেন। দূতাবাসের এক বিবৃতিতে বলা হয় : 'বাংলাদেশের জনগণকে সফল নির্বাচনের জন্য অভিনন্দন। বিএনপি ও তারেক রহমানকে ঐতিহাসিক বিজয়ের জন্য শুভেচ্ছা। যুক্তরাষ্ট্র নতুন সরকারের সঙ্গে কাজ করতে উন্মুখ।'
৭ যুবককে হত্যা

একেএম শহীদুল-জাবেদ পাটোয়ারীসহ ১০ জনকে ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

জঙ্গি আখ্যা দিয়ে ২০১৬ সালে গাজীপুরে সাত যুবককে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাবেক আইজিপি একেএম শহীদুল হক ও মোহাম্মদ জাবেদ পাটোয়ারীসহ ১০ জনকে গ্রেফতার করে ২ মার্চ হাজির করার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই আদেশ দেন। চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম সাংবাদিকদের জানান, এ মামলায় পলাতক আসামিদের গ্রেফতার করে আদালতে উপস্থিত করার কথা ছিল, কিন্তু আসামিদের উপস্থিত করা হয়নি। আগামী ২ মার্চ আসামিদের আদালতে উপস্থাপনপূর্বক এই মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য দিন ধার্য করা হয়েছে। তাজুল ইসলাম বলেন, দেশের বিভিন্ন স্থান থেকে আটক সাতজনকে ২০১৬ সালের ৮ অক্টোবর গাজীপুরের একটা বাড়িতে নিয়ে তাদের গুলি করে হত্যা করা হয়। বলা হয় যে, তারা জঙ্গি ছিল। কিন্তু তদন্ত সংস্থার তদন্তে বের হয়েছে, সেই সাতজন ব্যক্তিকে বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন সময় গ্রেফতার করা হয়েছিল, তাদের দীর্ঘদিন গুম করে রাখা হয়েছিল। পরে তাদের এভাবে গুলি করে হত্যা করা হয়। এ ঘটনায় ৩ ফেব্রুয়ারি ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইজিপি একেএম শহীদুল হক ও মোহাম্মদ জাবেদ পাটোয়ারীসহ ১০ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে প্রসিকিউশন। জঙ্গি আখ্যা দিয়ে গাজীপুরে সাত যুবককে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে বলে অভিযোগে দাবি করেছে প্রসিকিউশন। এ ঘটনায় সাবেক পুলিশ কর্মকর্তা মো. আসাদুজ্জামান মিয়া, মো. মনিরুল ইসলাম, হারুন অর রশিদকেও অভিযুক্ত করা হয়েছে।

ফেব্রুয়ারির ১৮ দিনে রেমিট্যান্স ছাড়াল দুই বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন পবিত্র রমজান মাসকে কেন্দ্র করে বৈধ পথে দেশে অর্থ পাঠানোর পরিমাণ বাড়িয়েছেন প্রবাসীরা। এরই ধারাবাহিকতায় চলতি ফেব্রুয়ারি মাসের প্রথম ১৮ দিনেই দেশে ২ বিলিয়ন (২০০ কোটি) ডলারের বেশি রেমিট্যান্স এসেছে। প্রবাসী আয়ের এই ঊর্ধ্বমুখী ধারা অব্যাহত থাকলে মাস শেষে তা ৩ বিলিয়ন ডলারের মাইলফলক ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে। সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা বলছেন, নির্বাচন ও রমজান ঘিরে পরিবারের বাড়তি খরচ মেটাতে প্রবাসীরা দেশে বেশি করে অর্থ পাঠাচ্ছেন। রেমিট্যান্স প্রবাহের এই চাঙাভাব দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভে ইতিবাচক প্রভাব ফেলবে বলে ধারণা করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের তথ্যানুযায়ী, চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে প্রবাসীরা ৩১৭ কোটি বা ৩ দশমিক ১৭ বিলিয়ন মার্কিন ডলার পাঠিয়েছেন। দেশীয় মুদ্রায় যার পরিমাণ ৩৮ হাজার ৬৭৪ কোটি টাকা। একক মাস হিসেবে এটি দেশের ইতিহাসে তৃতীয় সর্বোচ্চ রেকর্ড। এর আগে গত বছরের শেষ মাস ডিসেম্বরে ৩২২ কোটি ডলার এসেছিল, যা ছিল দ্বিতীয় সর্বোচ্চ। আর দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ ৩২৯ কোটি ডলার রেমিট্যান্স এসেছিল গত বছরের মার্চে, মূলত ঈদুল ফিতরকে কেন্দ্র করে। কেন্দ্রীয় ব্যাংকের পরিসংখ্যান বলছে, সদ্য সমাপ্ত ২০২৫ সালে দেশে মোট প্রবাসী আয় এসেছে ৩ হাজার ২৮২ কোটি ডলার। চলতি অর্থবছরের মাসভিত্তিক চিত্র বিশ্লেষণে দেখা যায় জুলাইয়ে ২৪৭ কোটি ৭৮ লাখ, আগস্টে ২৪২ কোটি ১৯ লাখ, সেপ্টেম্বরে ২৬৮ কোটি ৫৮ লাখ, অক্টোবরে ২৫৬ কোটি ৩৫ লাখ, নভেম্বরে ২৮৮ কোটি ৯৫ লাখ, ডিসেম্বরে ৩২২ কোটি ৬৬ লাখ এবং জানুয়ারিতে ৩১৭ কোটি ডলার রেমিট্যান্স এসেছে। এদিকে ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত প্রবাসীরা মোট ২ হাজার ১৫৬ কোটি ডলার পাঠিয়েছেন। গত অর্থবছরের একই সময়ের তুলনায় এই প্রবৃদ্ধি ২২ দশমিক ৩ শতাংশ বেশি। আগের অর্থবছরের এই সময়ে রেমিট্যান্স এসেছিল ১ হাজার ৭৬৩ কোটি মার্কিন ডলার। রিজার্ভের বর্তমান পরিস্থিতি নিয়ে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ৩৪ দশমিক ৫৪ বিলিয়ন ডলার। তবে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম-৬ পদ্ধতি অনুযায়ী প্রকৃত রিজার্ভের পরিমাণ ২৯ দশমিক ৮৬ বিলিয়ন ডলার। সংশ্লিষ্টরা মনে করছেন, ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকেই প্রবাসী আয়ে গতি ফিরতে শুরু করে। ব্যাংক খাতের কর্মকর্তারা বলছেন, অর্থ পাচার কমে যাওয়ায় অবৈধ হুন্ডি ব্যবসার প্রভাব কমেছে। এর পাশাপাশি ব্যাংকিং চ্যানেলে ডলারের বিনিময় হার গত কয়েক মাস ধরে স্থিতিশীল থাকায় প্রবাসীরা বৈধ পথে অর্থ পাঠাতে উৎসাহিত হচ্ছেন।

ইরানে হামলার প্রস্তুতি শেষ, ট্রাম্পের নির্দেশের অপেক্ষায় সামরিক বাহিনী

কীর্তনখোলা ডেস্ক

ইরানের বিরুদ্ধে সামরিক হামলা চালাতে সব ধরনের সামরিক প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এখন শুধু প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশের অপেক্ষায় মার্কিন সামরিক বাহিনী। তবে ট্রাম্প এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেননি বলে বুধবার (১৮ ফেব্রুয়ারি) একাধিক মার্কিন গণমাধ্যম জানিয়েছে। নিউইয়র্ক টাইমস, সিবিএস নিউজ ও সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে এরই মধ্যে পর্যাপ্ত বিমান ও নৌ-সামরিক শক্তি জড়ো করা হয়েছে, যার কয়েক দিনের মধ্যেই হামলা চালানোর সক্ষমতা রয়েছে। ইউএসএস আব্রাহাম লিংকন বিমানবাহী রণতরি ও এর বহর বর্তমানে অঞ্চলে অবস্থান করছে। দ্বিতীয় বিমানবাহী রণতরি ইউএসএস জেরাল্ড ফোর্ড মধ্যপ্রাচ্যের পথে রয়েছে; সর্বশেষ তথ্য অনুযায়ী এটি পশ্চিম আফ্রিকার উপকূলের কাছে ছিল। ডজনখানেক রিফুয়েলিং ট্যাঙ্কার এবং ৫০টির বেশি অতিরিক্ত যুদ্ধবিমান মোতায়েন রয়েছে। অন্যদিকে সিবিএস জানিয়েছে, সম্ভাব্য পাল্টা হামলার ঝুঁকি এড়াতে পেন্টাগন মধ্যপ্রাচ্য থেকে কিছু কর্মী সরিয়ে নিচ্ছে। রয়টার্সের বরাতে জানা গেছে, হোয়াইট হাউজের সিচুয়েশন রুমে জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকে জানানো হয়েছে মার্চের মাঝামাঝি সব মার্কিন বাহিনী পূর্ণ প্রস্তুতিতে থাকবে। হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট বলেন, ইরানের জন্য প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে চুক্তিতে আসাই বুদ্ধিমানের কাজ হবে। তিনি দাবি করেন, আগেও যুক্তরাষ্ট্র ইরানের পারমাণবিক স্থাপনায় বড় আঘাত হেনেছে, তবে কূটনীতিই ট্রাম্পের প্রথম বিকল্প। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) জেনেভায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনার পর সামান্য অগ্রগতি হয়েছে বলে জানানো হলেও, গুরুত্বপূর্ণ বিষয়ে দুই পক্ষ এখনো অনেক দূরে রয়েছে। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি সামাজিক মাধ্যমে একটি এআই-নির্মিত ছবি পোস্ট করেন, যেখানে একটি মার্কিন বিমানবাহী রণতরীকে সমুদ্রগর্ভে ডুবে থাকতে দেখা যায়। ক্যাপশনে তিনি লেখেন, ওই রণতরির চেয়েও বেশি বিপজ্জনক হলো সেই অস্ত্র, যা তাকে সমুদ্রের তলায় পাঠাতে পারে। রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ সতর্ক করে বলেন, ইরানে নতুন হামলার পরিণতি ভালো হবে না এবং এটি আগুন নিয়ে খেলার শামিল। গত বছরের জুনে ১২ দিনের যুদ্ধে যুক্তরাষ্ট্র ইসরায়েলের সঙ্গে মিলে ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে হামলা চালায়। গোয়েন্দা তথ্য অনুযায়ী, এতে ইরানের পারমাণবিক কর্মসূচি ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। এই যুদ্ধের আগে যুক্তরাষ্ট্র ২০১৪ সালের চুক্তি থেকে সরে আসায় ইরান তাদের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কর্মসূচি দ্রুত এগিয়ে নেয়। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা জানায়, ইরান তখন ৬০ শতাংশ বিশুদ্ধতা পর্যন্ত ইউরেনিয়াম সমৃদ্ধ করছিল, যা অস্ত্রে রূপান্তরের খুব কাছাকাছি। সংস্থাটি বলে, বিশ্বে একমাত্র দেশ হিসেবে ইরানই এত উচ্চমাত্রায় সমৃদ্ধকরণ চালিয়েছে, যার হাতে পারমাণবিক বোমা নেই।

হারিয়েছে

আমি সেলিনা বেগম মেঘনা লাইফ ইন্সুরেন্স কোঃ লিঃ এফ এ হিসাবে বোরহানউদ্দিন শাখায় কর্মরত আছি। আমার কোড নং ০১-৬২০৮৬। আমার কাছ থেকে বীমা গ্রাহক মাহারুম বেগম পলিসি নং-ই০০০০২১১৮৩, আবদুললাহ পলিসি নং ই০০০৬৩৩৪৫৩, মোঃ আক্তার পলিসি নং-০৫৪৬৫১৩৩, নুমান পলিসি নং-ই০০০৩০৫৭৪১, ইয়াসমিন বেগম পলিসি নং-০৩৮৪৯৪২০ এর পলিসি দলিলগুলো হারিয়েছে। বোরহানউদ্দিন থানায় সাধারণ ডায়েরি নম্বর-১২২১, তারিখ : ১৬-২-২০২৫।

সেলিনা বেগম মেঘনা লাইফ ইন্সুরেন্স কোঃ লিঃ এফ এ

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ২০ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৭ ফাল্গুন ১৪৩২

সামরিক বাহিনী ও সরঞ্জাম চুক্তি নিয়ে তারেক রহমানকে ট্রাম্পের আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে চিঠি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চিঠিতে নিয়মিত প্রতিরক্ষা চুক্তিগুলো সম্পন্ন করার তাগাদা দেন তিনি। এতে বাংলাদেশের সামরিক বাহিনী বিশ্বের সেরা সরঞ্জাম ৩ এর পাতায় দেখুন

দ্রুত স্বাভাবিক হতে পারে ভারতীয় ভিসা কার্যক্রম

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসা কার্যক্রম দ্রুত স্বাভাবিক পর্যায়ে ফিরতে পারে বলে জানিয়েছেন সিলেটে নিযুক্ত ভারতের সহকারী হাইকমিশনার অনিরুদ্ধ দাস। তিনি জানান, বর্তমানে সীমিত পরিসরে চালু থাকা ভিসা কার্যক্রম পূর্ণাঙ্গভাবে ৩ এর পাতায় দেখুন

রমজান হোক নিজেদের আমল সংশোধনের মাসঃ ছারছীনার পীর

কীর্তনখোলা রিপোর্ট

আমীরে হিযবুল্লাহ ছারছীনার পীর মাওলানা শাহ্ আবু নছর নেছারুদ্দীন আহমদ হুসাইন বলেছেন- রমজান মুমিনের জীবনে আমল ও আদর্শের এক বিশেষ প্রশিক্ষণকাল। এই পবিত্র মাসে আমাদের মূল লক্ষ্য হওয়া উচিত নিজেকে সংশোধন করা ও বাকি সারাটা বছর এই সংশোধনের ধারা অব্যাহত রাখা। শুধু জানার নাম দ্বীন নয়, বরং জানার সাথে আমলের সমন্বয়ই হলো প্রকৃত ইসলাম। আল্লাহ তায়ালা এই পবিত্র কুরআন নাযিলের মাসে মুমিন বান্দার ইবাদাত বন্দেগীর মাধ্যমে অফুন্ত নিয়ামত ও তাঁর নৈকট্য লাভের সুবর্ণ সুযোগ করে দিয়েছেন। কিন্তু সে ইবাদত, আমল হতে হবে ইখলাসের সাথে। এজন্য রাতের কিয়ামুল লাইল, তারাবীহ, তাহাজ্জুদ, তিলওয়াত, দান খইরিয়াত সব কিছুই হবে একমাত্র আল্লাহর জন্য। খেয়াল রাখতে হবে, হারাম উপার্জনের দ্বারা গ্রহীত ইফতার, সাহরী বা অন্য যে কোনও উদ্দেশ্যে বাস্তবায়ন করা হলে ৩ এর পাতায় দেখুন

গণভোটে রাজি না হলে নির্বাচন দিত না, তাই রাজি হওয়া : মেজর হাফিজ

লালমোহন প্রতিনিধি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন, গণভোটের কোনো আইনগত ভিত্তি নেই। এই প্রক্রিয়াটি ঢাকার একটি বিশেষ 'এলিট গোষ্ঠী' সাধারণ জনগণের ওপর চাপিয়ে দিয়েছে। বিএনপির এই নেতা উল্লেখ করেন, প্রাথমিকভাবে বিএনপি এই গণভোটের বিষয়ে একমত ছিল না। কিন্তু দলটির কাছে প্রতীয়মান হয় যে, বিএনপি রাজি না হলে দেশে নির্বাচনের পরিবেশ তৈরি হবে না বা নির্বাচনই হবে না। এই পরিস্থিতিতে অনেকটা বাধ্য হয়েই বিএনপি 'জুলাই সনদে' স্বাক্ষর করেছে। সম্প্রতি ভোলার লালমোহন উপজেলার উত্তর বাজার এলাকার মদন মোহন মন্দির প্রাঙ্গণে সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে এক মতবিনিময়সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মেজর হাফিজ সংবিধান সংশোধনের প্রক্রিয়ার সমালোচনা করে বলেন, সংবিধান সংশোধনের মতো গুরুত্বপূর্ণ কাজটি কেবল জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধিরাই করতে পারেন। আমাদের ৩ এর পাতায় দেখুন

সোনারগাঁও টেক্সটাইল মিলে চলছে প্রতিবাদ আন্দোলন

কীর্তনখোলা রিপোর্ট

সানারগাঁও টেক্সটাইল মিলের শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক ও যুগ্ম সাধারণ সম্পাদকের বেআইনি ছাটাইয়ের প্রতিবাদে শ্রমিকদের চলছে কর্ম বিরতি। সারে জমিন খোঁজ নিয়ে জানা গেছে এ সপ্তাহের শুরু থেকে গত ১৬ ই ডিসেম্বর উদযাপন উপলক্ষ্যে দুই ঘন্টার কর্মঘাটতিকে কেন্দ্র করে এ আন্দোলনের সূত্রপাত। আজ ৫ দিন অতিবাহিত হলেও শুরাহা হয়নি এর। বাসদ নেত্রী ডাক্তার মনীষা চক্রবর্তী শ্রমিকদের আন্দোলনের সাথে সংহতি জানিয়েছেন। গতকার তারিখ বিকেলে উপস্থিত হয়ে আন্দোলনের সাথে একাত্তা প্রকাশ করে বলেন শ্রম নীতির তোয়াক্কা না করে কোন কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে না। অবিলম্বে শ্রমিকদের যৌক্তিক দাবি পূ:ণ বিবেচনা করতে হবে। এ বিষয়ে বরখাস্ত হওয়া শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মোশারফ হোসেন বলেন ১৬ ই ডিসেম্বর আমাদের এখানে অনুষ্ঠান ছিল আর আমাদের ডিউটি ছিল বারো ঘন্টা। আমরা ওইদিন ১০ ঘণ্টা ডিউটি করে স্মৃতিস্তম্ভে ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ইয়াবা বিক্রেতাকে পুলিশে দিলো জনতা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়া উপজেলার রত্নপুর ইউনিয়নের দুশমি বাজার থেকে চারশো পিস ইয়াবাসহ আস্কর গ্রামের চিহ্নিত মাদক বিক্রেতা শাহাদাত হোসেন পীযুষকে আটক করেছে। এসময় মাদক বিক্রির কাজে ব্যবহৃত একটি মটরসাইকেল জব্দ করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বৃহস্পতিবার সকালে স্থানীয় বাসিন্দা মারুফ হোসেন দোলন, শাওন হাওলাদার ও ফিরোজ শাহ গোপন সংবাদের ভিত্তিতে ধাওয়া করে মোটরসাইকেলসহ শাহাদাত হোসেন পীযুষকে আটক করে। এসময় তল্লাশি চালিয়ে চারশো পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে থানার এসআই ওমর ফারুক ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার করা ইয়াবা, মোটরসাইকেলসহ আটককৃতকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। এঘটনায় ওইদিন দুপুরে পুলিশ বাদি ৩ এর পাতায় দেখুন

আমতলীতে জমি নিয়ে সংঘর্ষে আহত ২০, গুরুতর ৮ জনকে বরিশালে প্রেরণ

বরগুনা প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলার ঘোপখালী গ্রামে জমি নিয়ে দীর্ঘদিনের বিরোধের জেরে দুই পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। গুরুতর আহত ৮ জনকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সকাল প্রায় ১১টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার ঘোপখালী গ্রামের আব্দুল খালেক চৌকিদার ও রহমান আকনের মধ্যে প্রায় এক একর ৫৪ শতাংশ জমি নিয়ে গত এক বছর ধরে বিরোধ চলছিল। বৃহস্পতিবার সকালে রহমান আকন তার লোকজন নিয়ে ওই জমিতে ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে পুরো রমজানে যুবদল নেতার মানবিক উদ্যোগ

পটুয়াখালী প্রতিনিধি

পবিত্র রমজান মাস উপলক্ষ্যে সদর হাসপাতালে আগত রোগীর স্বজনদের জন্য ব্যতিক্রমী মানবিক উদ্যোগ গ্রহণ করেছেন পটুয়াখালী যুবদলের সাবেক এক নেতা। তার উদ্যোগে প্রতিদিন বিনামূল্যে সেহরির খাবার বিতরণ করা হচ্ছে, যা পুরো রমজান মাসজুড়ে চলবে। ভোরে যখন শহরের হোটেল-রেস্তোরাঁগুলো বন্ধ থাকে, ঠিক সেই সময় পটুয়াখালী যুবদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান রুমির উদ্যোগে পটুয়াখালীর বিভিন্ন দূর-দূরান্ত থেকে আগত সদর হাসপাতালে ভর্তি রোগীদের স্বজনদের জন্য নিয়মিত সেহরির আয়োজন করা হচ্ছে। এই উদ্যোগে রোগীর ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় ৪ কোটি টাকার সেতু কাজ শেষ হয়নি পাঁচ বছরেও

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বাইশকুড়া-তেঁতুলতলা সড়কে প্রায় ৪ কোটি টাকা ব্যয়ে নির্মিত সংযোগ সেতুর কাজ ১ বছরে ভিতর শেষ হওয়ার কথা থাকলেও তা পাঁচ বছরেও সম্পন্ন হয়নি। ফলে বিকল্প পথে ৮ থেকে ১০ কিলোমিটার ঘুরে যাতায়াত করতে হচ্ছে ৮টি

গ্রামের হাজারো মানুষের। এতে যেমন পোহাতে হচ্ছে ভোগান্তি তেমনি বেড়েছে যাতায়াত খরচ। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সরেজমিনে দেখা যায়, গুরুত্বপূর্ণ এই সেতুটির নির্মাণকাজ এখনো শেষ হয়নি। এতে বাইশকুড়া বাজার থেকে তেঁতুলতলা সংযোগ সড়কে চলাচলকারী শতশত যানবাহন দীর্ঘ ভিন্ন পথ ঘুরে যাতায়াত করতে হচ্ছে। এছাড়া কয়েকটি ইউনিয়েনের লক্ষাধিক মানুষ পারাপারের জন্য বিকল্প ঝুঁকিপূর্ণ সাঁকো ব্যবহার করছেন। জানা যায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে আইন শৃঙ্খলা ও বাজার মনিটরিং সভা

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ হল রুমে পবিত্র মাহে রমজান উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও দ্রব্যমূল্য সহনশীল রাখার জন্য ব্যবসায়ীদের নিয়ে বাজার মনিটরিং সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। কাউখালী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ইয়াকুব হোসাইন, কাউখালী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান,আমরাজরী ইউনিয়ন পরিষদের ৩ এর পাতায় দেখুন

বাজার স্থিতিশীল রাখতে পিরোজপুর জেলা প্রশাসনের অভিযান

পিরোজপুর প্রতিনিধি

পবিত্র রমজান উপলক্ষে নিত্যপণ্যের মূল্য সহনীয় রাখতে বাজার তদারকি শুরু করেছে পিরোজপুর জেলা প্রশাসন। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দুপুরে পিরোজপুর শহরের পৌর কাঁচা বাজার পরিদর্শন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তানজিলা কবির ত্রপা। পরিদর্শনকালে নিত্যপণ্যের মূল্য তালিকা টানানো, অতিরিক্ত দাম না নেওয়াসহ পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখার ওপর গুরুত্ব আরোপ ৩ এর পাতায় দেখুন



পটুয়াখালী থেকে বিক্রি হবে ২শ কোটি টাকার তরমুজ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী জেলায় এখন তরমুজের মাঠে চলছে ব্যস্ত কর্মযজ্ঞ। জেলার প্রায় সব উপজেলাজুড়ে বিস্তীর্ণ মাঠে দেখা মিলছে আগাম জাতের বিভিন্ন আকৃতির তরমুজের। বিভিন্ন ক্ষেতে পরিপক্ব তরমুজ, আবার কোথাও ফল ধরা শুরু করেছে। কোথাও আবার চারাগাছ থেকে ফুটছে হলুদ ফুল। প্রতি মৌসুমের মতো এবারও তরমুজ চাষে নতুন স্বপ্ন বুনছেন এ জেলার চাষিরা। পটুয়াখালী জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানায়, চলতি মৌসুমে জেলায় তরমুজ উৎপাদন, পরিবহন ও বীজসহ সংশ্লিষ্ট খাতে প্রায় ৩০০ কোটি টাকার বাণিজ্য হবে। এর মধ্যে শুধু উৎপাদিত তরমুজই বিক্রি হবে প্রায় ২০০ কোটি টাকায়। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) জেলার বিভিন্ন ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটায় দোকানে হামলা-ভাঙচুর করে টাকা ছিনতাই

কলাপাড়া প্রতিনিধি

পর্যটন কেন্দ্র কুয়াকাটায় তানিসা আচার ঘর নামের একটি দোকানে হামলা ভাঙচুর চালিয়ে মালামাল তছনছ করে ২২ হাজার টাকা ছিনিয়ে নেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সকাল আনুমানিক সাড়ে দশটায় কুয়াকাটা সৈকতের শূন্য পয়েন্ট এলাকায় হামলা ভাঙচুর চালানো হয়। ৬-৭ জন সন্ত্রাসী লাঠিসোঁটা নিয়ে এই হামলা ভাঙচুর চালায়। মারধর করা হয় দোকানের ম্যানেজারকে। এ ঘটনায় দোকান মালিক মনিরুল ৩ এর পাতায় দেখুন

রমজানে বরিশালে নিত্যপণ্যে স্বস্তি, তেলে-সবজিতে চাপ

কীর্তনখোলা রিপোর্ট

রমজান শুরু হলেও বরিশালে ভোজ্যতেল ছাড়া অন্য প্রায় সব নিত্যপণ্যের দাম দু বছর আগের তুলনায় যথেষ্ঠ সহনীয় পর্যায়ে রয়েছে। ছোলাবুট, চিনি, খেশারী ডাল'র দাম এবার বাড়েনি। তবে পেয়াঁজ এখনো খুচরা পর্যায়ে ৬০ টাকায় বিক্রী হচ্ছে। ডিম-এর দামও এক বছর আগের ৫২ টাকা থেকে এখন ৩৬-৩৮ টাকায় বিক্রী হচ্ছে। এবার চিনির দাম গত কয়েক বছরের তুলনায় সর্বনিম্নে, ৯৫ টাকা থেকে ১শ টাকা কেজিতে বিক্রী হচ্ছে। এমনকি এবার ছোলা ডালের দামও গত কয়েক বছরের তুলনায় কম রয়েছে। ভালমানের ছোলা ডাল এবার ৯০-৯৫ টাকা। যা দু বছর আগে ১৪০ থেকে দেড়শ টাকায়ও বিক্রী হয়েছে। এমনকি এবার খেশারী ডালের দামও গত কয়েক বছরের তুলনায় কম। ১শ টাকা কেজিতে ৩ এর পাতায় দেখুন

এক মাসে সড়কে ঝরল ৪৮৭ প্রাণ, মোটরসাইকেলে ৪০.২৪ শতাংশ প্রাণহানি

কীর্তনখোলা ডেস্ক

নতুন বছরের প্রথম মাস জানুয়ারিতেই দেশের সড়কে ঝরেছে ৪৮৭ প্রাণ। মাসজুড়ে মোট ৫৫৯টি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন ১ হাজার ১৯৪ জন। এর মধ্যে সবচেয়ে বেশি প্রাণহানি ঘটেছে মোটরসাইকেল দুর্ঘটনায়, যা মোট নিহতের ৪০ দশমিক ২৪ শতাংশ। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রোড সেফটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইদুর রহমানের পাঠানো জানুয়ারি মাসের সড়ক দুর্ঘটনার প্রতিবেদনে উঠে এসেছে এ ৩ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বারঃ এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বারঃ মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসাঃ বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com